ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



নিকের ছিল আট প্রেমিকা, প্রিয়াঙ্কা জানতেন কি?

পৃঃ ৫



মেসিকে ছাড়াই বিশ্বকাপ বাছাইয়ে খেলবে আর্জেন্টিনা

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৩২ ● কলকাতা ● ০৮ ভাদ্র, ১৪৩১ ● রবিবার ● ২৫ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## মৃত্যু অসমে নাবালিক গণধর্ষণের

# মূল অভিযুক্ত তাফুজলের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মাত্র ১৪ বছর বয়সের তরুণীকে গণধর্ষণ! আর জি কর কাণ্ড নিয়ে দেশজুড়ে বিক্ষোভের মধ্যেই অসমের নগাঁও জেলার ঘটনা রীতিমতো শিহরিত করেছিল গোটা দেশকে। পুলিশ হেফাজত থেকে পালানোর চেষ্টায় মৃত্যু হল ওই ঘটনার মূল অভিযুক্ত তাফুজল ইসলামের।অসম পুলিশের এক শীর্ষ কর্তা জানিয়েছেন, "রাতভর জিজ্ঞাসাবাদের পর ভোরবেলায় আমরা ওকে ঘটনার পুনর্নির্মাণের জন্য নিয়ে যাচ্ছিলাম। হঠাৎ আমাদের এক কনস্টেবলের হাত থেকে হাতকড়া ছিনিয়ে পালানোর চেষ্টা করে ও। সেটা করতে গিয়েই পুকুরে পড়ে যায়। আমাদের ওই কনস্টেবলও আহত হয়েছেন।" ওই অভিযুক্ত কীভাবে পালালো তদন্ত করা হচ্ছে বলে দাবি অসম পুলিশের।গত বৃহস্পতিবার অসমের নগাঁও জেলায় ১৪ বছরের নাবালিকাকে গণধর্ষণের অভিযোগ ওঠে।সন্ধ্যেয় টিউশন থেকে ফেরার পথে ওই নাবালিকাকে গণধর্ষণ করে ৩ ব্যক্তি। রাতে নাবালিকাকে বিবস্ত্র অবস্থায় রাস্তার পাশে পড়ে থাকতে দেখে তাকে উদ্ধার করেন স্থানীয়রা। খবর দেওয়া হয় পুলিশকে। এর পর তাকে ভর্তি করা হয় নগাঁও জেলার ধিং সরকারি হাসপাতালে। সেখানে চিকিৎসকরা নিশ্চিত করেন ধর্ষণ করা হয়েছে ওই নাবালিকাকে।

ঘটনা প্রকাশ্যে আসার পর ক্ষোভে ফেটে পড়ে ছাত্র সংগঠনগুলি। রাজ্যজুড়ে শুরু হয় পড়ুয়াদের বিক্ষোভ। তদন্তে নেমে শুক্রবারই মূল

এরপর ৩ পাতায়

## আরজি করের সেমিনার রুমে ধর্ষণ-খুন, পুলিশ কি ঘুমোচ্ছিল?

# অতিরিক্ত ওসিকে তলব করল সিবিআই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হাসপাতালের সেমিনার রুমে এক মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুন করা হল। কিন্তু প্রশ্ন হল পুলিশ কোথায় ছিল? এবার আরজি কর আউটপোস্টে মোতায়েন সমস্ত পুলিশকর্মীকে তলব করল সিবিআই। এদিকে চিৎপুর থানার অতিরিক্ত ওসি তলব পেয়েই সিজিও কমপ্লেক্সে হাজির হন। তিনিই ছিলেন ওই সেমিনার রুম রক্ষা দায়িত্বে।সব মিলিয়ে নানা প্রশ্ন উঠছে। তবে কলকাতা হাইকোর্টে শুক্রবার বড় অগ্রগতি হয়েছে। শুধু চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনা সিবিআই করবে সেটাই নয় এবার আরজি করে দুর্নীতির মামলার তদন্ত করবে সিবিআই। কলকাতা হাইকোর্ট এনিয়ে সুপষ্ট নির্দেশ দিয়েছে। সমস্ত কেস ডায়েরি, সিসিটিভি ফুটেজ ও সমস্ত বিস্তারিত খুঁটিনাটি বিবরণ কালকের ( শনিবার) মধ্যে সিবিআইয়ের কাছে জমা দিতে হবে সিটকে। কাল সকাল ১০টার মধ্যে সমস্ত তদন্ত নথি জমা দিতে হবে সিবিআইয়ের কাছে। এবার একই সঙ্গেই দুটি তদন্ত চালাবে সিবিআই।

বিচারপতি রাজস্বী ভরদ্বাজ এই নির্দেশ দিয়েছেন। আদালত জানিয়েছে, প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বিরুদ্ধে যে দুর্নীতির অভিযোগ রয়েছে তার তদন্ত করবে সিবিআই। ১৭ সেপ্টেম্বর তদন্তের অগ্রগতি সংক্রান্ত রিপোর্ট জানাতে হবে হাইকোর্টকে।তিনি সেই সময় কোথায় ছিলেন?

তবে ইতিমধ্যেই সিবিআই বহুজনকে জিজ্ঞাসাবাদ করেছে। তার মধেয় আর তার বন্ধু সৌরভ রয়েছে। ব্যারাকে থাকা এক এএসআই রয়েছেন। সেই রাতে ফুড ডেলিভারি সংস্থার যে কর্মীরা এসেছিলেন তাদেরও জেরা করা হয়। যে চারজন জুনিয়র ডাক্তার একসঙ্গে খাবার খেয়েছিলেন তাদেরও জিজ্ঞাসাবাদ করা হয়েছে বলে খবর। একাধিক চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীর সঙ্গে কথা বলেছে সিবিআই। জেরা করা হয়েছে কে। দফায় দফায় জেরা। তিনিই তো খুনের সময় ওই হাসপাতালের প্রিন্সিপাল পদে ছিলেন। এমনকী তড়িঘড়ি সেমিনার রুমের পাশে দেওয়াল কেন ভাঙা হয়েছিল তা নিয়েও নানা প্রশ্ন। সেই কাজে নিয়োজিত শ্রমিকদের সঙ্গেও কথা বলেছে সিবিআই।কিন্তু সবার উপরে প্রশ্ন ওই হাসপাতালের

এরপর ৩ পাতায়




মাননীয়া মুখ্যমন্ত্রী **মমতা বন্দ্যোপাধ্যায়ের** উদ্যোগে

শিশু কিশোর আকাদেমি

তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা (প্রেসিডেন্সি বিভাগ)

**আগামী ২৪ ও ২৫ আগস্ট '২৪ হাওড়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, নদিয়া এবং কলকাতার ছোটোদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।**

২৪ এবং ২৫ আগস্ট প্রেসিডেন্সি বিভাগের উল্লিখিত জেলাগুলির জন্য এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার সময়সহ বিস্তারিত বিবরণ ও আবেদনপত্র সংগ্রহের জন্য দুপুর ১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত (প্রতি ক্ষেত্রে শনি, রবি ও অন্য ছুটির দিন বাদে) কলকাতায় শিশু কিশোর আকাদেমির কার্যালয়ে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র জমা দিতে হবে। **আবেদনের শেষ তারিখ ২০ আগস্ট ২০২৪।**

প্রতিযোগিতার বিষয়: 'ক' বিভাগ (৫ থেকে ১০+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি। 'খ' বিভাগ (১১ থেকে ১৬+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা। এই প্রতিযোগিতায় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে শংসাপত্র দেওয়া হবে। এবং এই প্রতিযোগিতার ভিত্তিতেই আসন্ন 'পঞ্চদশ রাজ্য শিশু কিশোর উৎসব'-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।


বিঃ দ্রঃ- আসন্ন রাজ্য শিশু কিশোর উৎসবে দলগত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য (গান, নাচ, আবৃত্তি, বৃন্দবাদন ইত্যাদি) এবং একক যন্ত্রবাদন, মূকাভিনয়, ম্যাজিক ইত্যাদি নানা বিষয়ের জন্য পেন ড্রাইভ/ডিভিডিসহ (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করতে হবে। দলগত অনুষ্ঠানে দলের লেটারহেডেএবং অন্যান্য একক অনুষ্ঠানের জন্য সাদা কাগজে সংশ্লিষ্ট আধিকারিকের নামে চিঠি জমা দিতে হবে। প্রতিটি ক্ষেত্রে অবশ্যই পেন ড্রাইভ/ডিভিডি (অফেরতযোগ্য) দপ্তরে জমা দিতে হবে।

**প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর। সময়: ২৪ আগস্ট সকাল ১০ টা থেকে 'ক' বিভাগ এবং ২৫ আগস্ট সকাল ১০টা থেকে 'খ' বিভাগ**

শিশু কিশোর আকাদেমি। উত্তীর্ণ, দ্বিতীয় তল। ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা:২৭ফোন: ০৩৩ ২২২৩ ৬২১০ ই-মেল: skakademi@gmail.com

এরপর ৩ পাতায়

এরপর ৩ পাতায়



## নিম্নমানের খাবার দেওয়ার অভিযোগে

# আইসিডিএস কর্মীকে ঘিরে বিক্ষোভ

**মালদা: নিউজ সারাদিন :** নিম্নমানের খাবার দেওয়ার অভিযোগে আইসিডিএস কর্মীকে ঘিরে বিক্ষোভ। ঘটনাটি ঘটেছে শনিবার মালদার হরিশ্চন্দ্রপুর এক নম্বর ব্লকের ভিঙ্গল গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ডুমুরকোলহা গ্রামে।খবর সংগ্রহ করতে গেলে সাংবাদিককে দেখে তেড়ে আসেন আইসিডিএস কর্মী হুসনে বানু। গ্রামবাসীর অভিযোগ, প্রতিদিন নিয়মিত রান্না হয় না।নিম্নমানের খাবার দেওয়া হয়। নানান অজুহাত দেখিয়ে সেন্টার বন্ধ রাখে ওই আইসিডিএস কর্মী।একথা খোদ স্বীকার করেছেন ওই আইসিডিএস সেন্টারের রাঁধুনিও। এই নিয়ে একাধিকবার গ্রামবাসী অভিযোগ জানালে, আইসিডিএস কর্মী নিজের ইচ্ছা মতো কাজ করছে। তাই আজকে গ্রামবাসীরা আইসিডিএস কর্মীকে ঘিরে বিক্ষোভ দেখান। এই ঘটনাকে ঘিরে রীতিমত চাঞ্চল্য ছড়িয়েছে এলাকা জুড়ে। এই ঘটনা নিয়ে হরিশ্চন্দ্রপুর এক নম্বর ব্লকের যুগ্ম সমষ্টি আধিকারিক মোহাম্মদ আলী রুমী বলেন কিছুক্ষণ আগে আমরা এই ঘটনাটা শুনলাম, আইসিডিএস সেন্টারে নিয়মিত খাবার দেয় না এই ঘটনায় আইনত ব্যবস্থা নেওয়া হবে।

হরিশ্চন্দ্রপুর ১ নম্বর ব্লকের সিডিপিও জানান ওই আইসিডিএস কর্মীর বিরুদ্ধে আগেও অভিযোগ হয়েছিল তারপরও আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়। তারপরে যে আজকে ঘটনাটা আমরা শুনলাম, তা তদন্ত করে কোঠর ব্যবস্থা নেওয়া হবে।

## বন্যা কবলিত মালদার মানিকচকের

# ভূতনী এলাকায় ভূতনী ব্রীজের সংযোগকারী রাস্তায় ফাটল



**মানিকচক : নিউজ সারাদিন :** বন্যা কবলিত মালদার মানিকচকের ভূতনী এলাকায় ভূতনী ব্রীজের সংযোগকারী রাস্তায় ফাটল। প্রায় একশো মিটার এলাকা জুরে রাস্তার একপাশে ফাটল ধরায় জোর চাঞ্চল্য ও আতঙ্ক তৈরি হল এলাকায়। উল্লেখ্য, বর্তমানে গঙ্গার জলে ভাসছে গোটা ভূতনী এলাকা। গঙ্গার জল এসে লেগেছে ভূতনী ব্রীজের কাছাকাছি এলাকায়। সেই জমা জলে ভূতনী ব্রীজের সংযোগকারী রাস্তার নিচের মাটি কেটে প্রায় একশো মিটার এলাকা জুরে রাস্তার একপাশে ফাটল ধরেছে। যা নজরে আসতেই এদিন ভূতনীবাসীর মধ্যে ব্যাপক চাঞ্চল্য ও আতঙ্ক তৈরি হয়। এলাকাবাসীর বক্তব্য বন্যার জলে রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। সেই রাস্তা দ্রুত মেরামত করার উদ্যোগ না নিলে যেকোন সময় ধসে পড়তে পারে। তাই প্রশাসনের উচিত বিষয়টি গুরুত্ব দিয়ে বিবেচনা করা।

## আর জি কর হাসপাতালে মহিলা ডাক্তারকে

# ধর্ষণ ও খুনের বিচার চেয়ে ছাত্র ও যুবকদের প্রতিবাদ মিছিল বের হল বাগনানের হিজলক মোড়ে




**হিজলক মোড়: বাগনান: হাওড়া: নিউজ সারাদিন :** আর জি কর হাসপাতালে কর্তব্যরত মহিলা ডাক্তারকে নারকীয় ধর্ষণ ও খুনের বিচার চেয়ে আজ ছাত্র ও যুবকদের একটি প্রতিবাদ মিছিল বের হল বাগনানের হিজলক মোড় থেকে। এই মিছিলে উপস্থিত ছিল প্রায় দুই শতাধিক ছাত্র-ছাত্রী ও যুবকরা। গত ৯ আগস্ট কলকাতার আর জি কর হাসপাতালে কর্তব্যরত পিজিটি মহিলা চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনার পর থেকেই রাজ্য ও দেশজুড়ে তীব্র আন্দোলন ছড়িয়ে

এরপর ৩ পাতায়

## আরজি কাণ্ডে গ্রেফতার অভিযুক্ত সিভিক ভলান্টিয়র বারবার

# নিজের বয়ান বদল করছেন বলে সিবিআই সূত্রে খবর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আরজি কাণ্ডে গ্রেফতার অভিযুক্ত সিভিক ভলান্টিয়র বারবার নিজের বয়ান বদল করছেন বলে সিবিআই সূত্রে খবর। এর আগে কলকাতা পুলিশের হেফাজতে থাকাকালীন অভিযুক্ত জেরায় ঘটনার কথা স্বীকার নিজের জন্য ফাঁসি চেয়েছিলেন। তবে সিবিআই-এর হাতে তদন্ত যেতেই যেন ডিগবাজি খাচ্ছেন অভিযুক্ত। কেন্দ্রীয় এজেন্সি সূত্রে খবর, বারবার বয়ান বদল করছেন তিনি।যদিও কেন্দ্রীয় এজেন্সির আধিকারিকদের বক্তব্য, তাঁদের কাছে যথেষ্ঠ তথ্য-প্রমাণ রয়েছে, সিসিটিভি ফুটেজ, অভিযুক্তের গতিবিধি সংক্রান্ত বিভিন্ন ফুটেজ রয়েছে বলে দাবি তদন্তকারী আধিকারিকদের। এই সব কিছু মধ্য দিয়ে অভিযুক্ত যে সিবিআই এর হাত থেকে নিজেকে বাঁচানোর চেষ্টা করছে সেটা এক প্রকার স্পষ্ট। সেই কারণেই যত দ্রুত সম্ভব অভিযুক্তের পলিগ্রাফি টেস্টের চেষ্টা করা হচ্ছে। উল্লেখ্য, আরজি করের ঘটনার ২৪ ঘণ্টার আগেই গ্রেফতার হন অভিযুক্ত। পুলিশ সূত্রে খবর, হেফাজতে যেতেই সমস্ত দোষ স্বীকার করেন তিনি। জেরার সময় সে তদন্তকারী আধিকারিকদের বলে,"আমায় ফাঁসি দিয়ে দিন্।" তারপর এখন সিবিআই হেফাজতে যেতেই কেন বয়ান বদল? সেই নিয়েই উঠছে প্রশ্ন।সিবিআই সূত্রে খবর, জেরা চলাকালীন তিনি বিভ্রান্তকর তথ্য দেওয়ার চেষ্টা করছেন। তাঁর হাসপাতালে যাওয়ার সময় এবং হাসপাতালে যাওয়ার কারণ, সেমিনার রুম যাওয়ার সময় এবং সেমিনার রুমে যাওয়ার কারণ নিয়ে বিভ্রান্তিকর তথ্য দিচ্ছে বলে জানতে পারা যাচ্ছে। জেরা চলাকালীন অভিযুক্ত দাবি করেছে, ঘটনার দিন সেমিনার রুমে নাকি ঢোকেননি। উঁকি মেরে দেখেছিলেন। আবার পরের দফা জেরাতেই তিনি নাকি জানিয়েছেন, সেমিনার রুমে কাউকে দেখতেই পাননি। এরপাশাপাশি ঘটনাস্থলে কীভাবে তাঁর ব্লুটুথ হেডফোন মিলল? সেই উত্তর তিনি দেননি। সর্বপরি তাঁর দেহে আঁচড়ের দাগ কীভাবে লাগল? এই নিয়েও প্রশ্ন উঠছে। যার কারণে সিবিআই আধিকারিকদের কাছে অভিযুক্তের পলিগ্রাফ টেস্ট অত্যন্ত গুরুত্বপূর্ণ।









## ভারতের শীর্ষস্থানীয় ৫৩টি অ্যাপের মধ্যে ৫২টিই

# প্রতারণামূলক প্যাটার্ন ব্যবহার করে - এএসসিআই অ্যাকাডেমি অ্যান্ড প্যারালালের একটি সমীক্ষা প্রকাশ করেছে

- রিপোর্টে নয়টি ইন্ডাস্ট্রির ৫৩টি অ্যাপ থেকে ১২,০০০ এর বেশি স্ক্রিন বিশ্লেষণ করেছে, যেখানে প্রতি অ্যাপে গড়ে ২.৭ প্রতারণামূলক প্যাটার্ন চিহ্নিত করা হয়েছে
- হেলথ-টেক অ্যাপগুলিতে সবচেয়ে বেশি ডার্ক প্যাটার্ন ব্যবহারের প্রমাণ পাওয়া গেছে, এর পরে ট্রাভেল বুকিং এবং ফিনটেক সেক্টরগুলিও রয়েছে
- রিপোর্টটি নৈতিক ডিজাইনের বিকল্প এবং একটি স্কোরিং টুল প্রস্তাব করেছে, যা আরও সচেতন ইউআই / ইউএক্স ডিজাইন ইন্টারফেস এবং অ্যাপগুলিতে পছন্দের আর্কিটেকচার তৈরিতে সহায়তা করবে

**Kolkata, ১লা আগস্ট, ২০২৪ : নিউজ সারাদিন :** শীর্ষস্থানীয় ডিজাইন ফার্ম প্যারালাল এইচকিউ-এর সহযোগিতায় এএসসিআই অ্যাকাডেমির একটি যুগান্তকারী গবেষণায়, জনপ্রিয় ভারতীয় অ্যাপগুলিতে প্রতারণামূলক প্যাটার্নের ব্যাপকতা প্রকাশ করা হয়েছে। ডার্ক প্যাটার্ন হল প্রতারণামূলক ইউআই / ইউএক্স পদ্ধতি যা ব্যবহারকারীদের এমন কিছু করার জন্য বিভ্রান্ত বা প্রতারিত করতে পারে যা তারা মূলত ইচ্ছা করেনি বা করতে চায়নি। শীর্ষস্থানীয় ভারতীয় অ্যাপগুলিতে প্রতারণামূলক নিদর্শনগুলির একটি গবেষণা রিপোর্ট ওসচেতন প্যাটার্নস,' শীর্ষক বিস্তৃত ওয়েব রিপোর্টটি আজ অনুষ্ঠিত একটি ওয়েবিনারে উন্মোচন করা হয়েছিল। সমীক্ষায় দেখা গেছে যে বিশ্লেষণ করা ৫৩ টি অ্যাপের মধ্যে ৫২টিতে প্রতারণামূলক ডিজাইনের ব্যবহার রয়েছে। এটা লক্ষ করা গুরুত্বপূর্ণ যে অন্ধকার প্যাটার্নের ব্যাপক ব্যবহার ব্যবহারকারীর স্বাধীনতা এবং সিদ্ধান্ত গ্রহণকে প্রভাবিত করতে পারে। এই অ্যাপগুলি সম্মিলিতভাবে ২১ বিলিয়নেরও বেশি বার ডাউনলোড করা হয়েছে, যা তাদের গ্রাহক প্রভাবের সম্ভাবনাকে নির্দেশ করে। রিপোর্টটি আরও উল্লেখ করা হয়েছে যে কিছু অ্যাপের দ্বারা ব্যবহৃত নৈতিক ডিজাইনের উদাহরণগুলি বিকল্প হিসেবে বিবেচিত হতে পারে এবং একটি স্কোরিং টুল যা আরও সচেতন অ্যাপ ডিজাইনে সহায়তা করতে পারে। শিল্প সংস্থা ন্যাসকম এই স্থানটিতে বিভিন্ন চ্যালেঞ্জ এবং ব্যবহারিক সমাধান তুলে ধরতে এএসসিআই এবং প্যারালালের সাথে অংশীদারিত্ব করছে।

রিপোর্টটি প্রাইভেসী ডিসেপশন, ইন্টারফেস ইন্টারফেরেন্স, ড্রিপ প্রাইসিং, এন্ড ফলস আর্জেন্সি সহ ১২টি স্বতন্ত্র প্রতারণামূলক প্যাটার্ন চিহ্নিত করা হয়েছে, যা অনলাইন ইন্টারফেসে জনপ্রিয়ভাবে ব্যবহৃত হয়। প্রাইভেসী ডিসেপশন সবচেয়ে প্রচলিত প্রতারণামূলক প্যাটার্ন হিসাবে আবির্ভূত হয়েছে, বিশ্লেষণ করা ৭৯% অ্যাপগুলিতে দেখা গেছে, তারপরে ইন্টারফেস ইন্টারফেরেন্স (৪৫%), ড্রিপ প্রাইসিং (৪৩%), এবং ফলস আর্জেন্সি (৩২%)। ফলাফলগুলি অ্যাপ ডেভেলপমেন্টে আরও সচেতন প্রচেষ্টার জরুরী প্রয়োজনকে তুলে ধরে। ২০২৩ সালের জুন মাসে, এএসসিআই প্রতারণামূলক প্যাটার্নগুলির উপর নির্দেশিকা প্রকাশ করেছিল যা মূলত বিজ্ঞাপনে ব্যবহৃত হয়। আরও, ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যাফেয়ার্স (ডিওসিএ) ২০২৩ সালের নভেম্বরে ১৩ টি প্রতারণামূলক প্যাটার্নের জন্য তার নির্দেশিকা প্রকাশ করেছে। নির্দেশিকা অনুসারে, এই নির্ধারিত ডার্ক প্যাটার্নগুলির যে কোনও একটির ব্যবহারের ফলে বিভ্রান্তিকর বিজ্ঞাপন, একটি অন্যায্য বাণিজ্য অনুশীলন বা ভোক্তা অধিকার লঙ্ঘন হতে পারে।

**রিপোর্টটির মূল ফলাফল:**

১. মোট ঘটনার ৭৮% এর জন্য চারটি প্রতারণামূলক প্যাটার্ন দায়ী - প্রাইভেসী ডিসেপশন (২৪%), ড্রিপ প্রাইসিং (১৯%), ইন্টারফেস ইন্টারফেরেন্স (১৮%), এবং ফলস আর্জেন্সি (১৭%)।

২. > ৮০% এর বেশি অ্যাপে সেটিংস/প্রোফাইল বিভাগে প্রতারণামূলক প্যাটার্ন প্রদর্শিত হয়েছে।

৩. গবেষণায় অন্তর্ভুক্ত সমস্ত ই-কমার্স অ্যাপ ব্যবহারকারীদের জন্য তাদের অ্যাকাউন্ট মুছে ফেলা কঠিন করে তুলেছে।

৪. কিছু হেলথ-টেক অ্যাপ৫টির মধ্যে ৪টি, ব্যবহারকারীদের দ্রুত সিদ্ধান্ত নিতে বাধ্য করতে সময়-ভিত্তিক চাপ (ফলস আর্জেন্সি) তৈরি করে।

৫. ডেলিভারি এবং লজিস্টিক অ্যাপে বাস্কেট স্নিকিং অন্যান্য সেক্টরের তুলনায় চার গুণ বেশি প্রচলিত ছিল।

৬. অ্যাপ প্রতি সর্বাধিক প্রতারণামূলক প্যাটার্নের ক্ষেত্রে তিনটি সেক্টর ছিল হেলথ-টেক ৮.৮, ট্রাভেল বুকিং ৭.২, এবং ই-কমার্স ৫.৩।

৭. অ্যাপ প্রতি সর্বনিম্ন প্রতারণামূলক প্যাটার্নের ঘটনা স্ট্রিমিং পরিষেবায় ১.৮ এবং গেমিং সেক্টরে ২.৪ দেখা গেছে।

ইউআই / ইউএক্স ডিজাইনার এবং ডেভেলপারদের ক্ষমতায়নের জন্য, রিপোর্টে একটি নৈতিক স্কোর ক্যালকুলেটর প্রবর্তন করে, যা একটি মূল্যবান টুল যা পেশাদারদের তাদের অ্যাপ এবং ওয়েবসাইটগুলির নৈতিক অবস্থান মূল্যায়ন করতে সাহায্য করে এবং প্রতারণামূলক প্যাটার্নগুলি চিহ্নিত করতে সহায়ক। এই রিসোর্সের সাথে একটি গ্যালারি অফ ইনস্পিরেশনও যুক্ত করা হয়েছে, যা এমন প্রবাহ এবং প্যাটার্নের উদাহরণ প্রদর্শন করে যা গ্রাহকদের জন্য আরও সঙ্গতিপূর্ণ এবং ন্যায্য হতে পারে। এই বিকল্পগুলি ভবিষ্যতের অ্যাপ উন্নয়নে সক্রিয়ভাবে বিবেচনা করা যেতে পারে।

এএসসিআই অ্যাকাডেমির ডিরেক্টর নম্রতা বাচানির উদ্বোধনী বক্তব্যের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। তার পরিচয়ের পরে, প্যারালালের প্রতিষ্ঠাতা রবিন ধানওয়ানি রিপোর্টের মূল ফলাফলগুলির মাধ্যমে অংশগ্রহণকারীদের গাইড করেন, যা ভারতে উপলব্ধ ৫৩টি শীর্ষ অ্যাপের ১২,০০০ স্ক্রিন বিশ্লেষণ করে তৈরি করেছে। রিপোর্টের সারাংশ এখানে পাওয়া যাবে। পুরো গবেষণা, যার মধ্যে রয়েছে নৈতিক স্কোর ক্যালকুলেটর এবং গ্যালারি অফ ইনস্পিরেশন www.consciouspatterns.in এ পাওয়া যাবে।

ওয়েবিনারে সম্মানিত প্যানেলিস্টদের নিয়ে একটি আলোচনাও অনুষ্ঠিত হয়, যার মধ্যে ছিলেন শ্রী রোহিত কুমার সিং, ফরমার সেক্রেটারি অফ দ্য ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যাফেয়ার্স, আশিষ আগরওয়াল, ভিপি অ্যান্ড হেড অফ পাবলিক পলিসি অ্যাট ন্যাসকম; রবিন ধানওয়ানি, ফাউন্ডার অফ প্যারালাল, এন্ড মানিষা কাপুর, সিইও অ্যান্ড সেক্রেটারি জেনারেল, যিনি আলোচনাটি পরিচালনা করেন।

একসাথে, তারা গ্রাহক এবং ব্র্যান্ড উভয়ের জন্য প্রতারণামূলক প্যাটার্নগুলির প্রভাবের উপর মূল্যবান মতামত প্রদান করেন এবং ডিজিটাল ল্যান্ডস্কেপে বৃহত্তর স্বচ্ছতা এবং নৈতিক মানগুলির গুরুত্ব নিয়ে আলোচনা করেন।

মনীষা কাপুর, সিইও অ্যান্ড সেক্রেটারি জেনারেল অফ এএসসিআই, বলেন, "প্রতারণামূলক প্যাটার্ন ডিজিটাল ইকোসিস্টেমে গ্রাহকদের আস্থা এবং স্বচ্ছতা ক্ষতিগ্রস্থ করে। শুধুমাত্র শীর্ষ ৫৩টি অ্যাপ ২১ বিলিয়নেরও বেশি বার ডাউনলোড করা হয়েছে, অ্যাপ, ওয়েবসাইট এবং অন্যান্য ডিজিটাল ইন্টারফেস জুড়ে গ্রাহকদের প্রতারণামূলক প্যাটার্নের এক্সপোজার মাইন্ড- ব্লোয়িং। আমরা সংস্থাগুলিকে সচেতন ডিজাইন নীতিগুলি অনুসরণ করার আহ্বান জানাই যা গ্রাহকদের অবহিত পছন্দ করার অধিকারকে রক্ষা করে। গ্যালারি অফ ইনস্পিরেশনও এবং স্কোর ক্যালকুলেটর হল সেই সংস্থাগুলির জন্য গুরুত্বপূর্ণ সংস্থান যারা এটি সঠিকভাবে পেতে চায়। আমরা আমাদের জ্ঞানের অংশীদার হওয়ার জন্য প্যারালাল এবং এই অনুসন্ধান এবং সংস্থানগুলির বিস্তৃত প্রচারে আমাদের সমর্থন করার জন্য ন্যাসকমের কাছে অত্যন্ত কৃতজ্ঞ।"

রবিন ধনওয়ানি, ফাউন্ডার, প্যারালাল, বলেন, "প্রযুক্তি পেশাদাররা ডিজাইনের জন্য গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ হিসাবে, প্যারালালে আমরা ব্যবহারকারীর অভিজ্ঞতার উপর নৈতিক অনুশীলনের গভীর প্রভাব বুঝতে পারি। আমাদের গবেষণা ভারতীয় অ্যাপগুলিতে প্রতারণামূলক প্যাটার্নের সূক্ষ্ম অথচ ব্যাপক উপস্থিতি উন্মোচন করে, যা আরও স্বচ্ছ ডিজাইন অনুশীলনের দিকে পরিবর্তনের প্রয়োজনীয়তা তুলে ধরে। নৈতিক ডিজাইনকে চ্যাম্পিয়ান করে, আমরা শুধুমাত্র ব্যবহারকারীর আস্থাই তৈরি করি না বরং গ্রাহকদের স্বায়ত্তশাসনকে সম্মান করে এমন উদ্ভাবনও চালাই। আমি আশা করি এই প্রতিবেদনটি নির্মাতাদের বৃদ্ধির কৌশলগুলি পুনর্বিবেচনা করতে এবং আগামী ভবিষ্যতে তাদের পণ্যগুলির ভিত্তি হিসাবে ব্যবহারকারীর প্রথম চিন্তাভাবনা করতে উৎসাহিত করবে।"

## ২৭ অগস্ট নবান্ন অভিযানের ডাক

# ছাত্র সমাজের, ব্যাপক গোলমালের আশঙ্কা গোয়েন্দাদের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** শাসক দল যদি আমাদের এই আন্দোলন আটকানোর চেষ্টা করে তাহলে বাংলা স্তব্ধ করে দেবো। ২৭ অগস্ট মঙ্গলবার নবান্ন অভিযানের ডাক দিয়ে শহরে গোলমাল পাকানোর গভীর চক্রান্ত হয়েছে। এদিকে গোয়েন্দা দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে এই নবান্ন অভিযান মিছিলকে সামনে রেখে অশান্ত হয়ে উঠতে পারে পরিস্থিতি।যদি আমরা দেখি আগামী ২৭ তারিখ এবিভিপি(ABVP) বা এস এফ আই(SFI) আমাদের নবান্ন অভিযানে সাড়া দিয়ে আমাদের সঙ্গে সামিল হয় আগামী দিনে আমরাও তাদের আন্দোলনে সাড়া দিয়ে তাদের সঙ্গে যোগ দেবো। কলেজ স্ট্রীট আর সাঁতরাগাছি তে জমায়েত করে দুদিক থেকে এগোনো হবে নবান্নে। আমাদের সঙ্গে শ্রীলেখা দি আছেন, স্বস্তিকা দি আছেন, কিরণ আছেন, তাদেরকেও আমরা আহ্বান জানিয়েছি। আগামী ২৭ তারিখ ছাত্র সমাজের নাম দিয়ে প্ল্যাকার্ড আর পোস্টার করে আমরা নিয়ে যাবো। আমরা সব রাজনৈতিক সংগঠনকে আহ্বান জানিয়েছি। শাসক দল যদি আমাদের এই আন্দোলন আটকানোর চেষ্টা করে তাহলে বাংলা স্তব্ধ করে দেবো। বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের বলতে চাই, যদি তারা আমাদের সঙ্গে যোগ দিতে চান তাহলে তাদেরকে দলের কোনো দলীয় পতাকা আনতে হবে না। জাতীয় পতাকা নিয়ে আন্দোলন করবো বলে জানান মিছিলের উদ্যোক্তারা। তবে এই নবান্ন অভিযান শান্তিপূর্ণ হবে কিনা তা নিয়ে কিন্তু কোন বার্তা দিতে পারেননি মিছিলের উদ্যোক্তা। এদিকে গোয়েন্দা দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে এই নবান্ন অভিযান মিছিলকে সামনে রেখে অশান্ত হয়ে উঠতে পারে পরিস্থিতি। পুলিশকে আক্রমণ করা হতে পারে। সরকারি সম্পত্তি ভাঙচুর ও নষ্ট করার ঘটনা ঘটতে পারে। তাই এই নবান্ন অভিযান করতে যারা আসবে

এরপর ৪ পাতায়

# চিকিৎসকদের নিরাপত্তা হাসপাতাল ব্যবস্থাপনা পর্যায়ে থাকতে হবে, কঠোর আইন দরকার



**উষা পাঠক/আনন্দ ঠাকুর : নয়াদিল্লি, ২৪ আগস্ট ২০২৪ (এজেন্সি): নিউজ সারাদিন :** হাসপাতাল প্রশাসনের স্তরে সারাদেশে চিকিৎসকদের কঠোর নিরাপত্তার মাধ্যমেই এই সমস্যার বৃহৎ পরিসরে সমাধান করা সম্ভব।

আজ এমন অভিমত ব্যক্ত করেছেন দেশের সিনিয়র চিকিৎসক ও বুদ্ধিজীবী ড. পশ্চিমবঙ্গে এক মহিলা ডাক্তারের উপর নৃশংসতার ঘটনার প্রতিবাদে গত ১০ দিন ধরে জাতীয় স্তরে আন্দোলনরত জুনিয়র ডাক্তাররা সুপ্রিম কোর্টের নির্দেশের পরে কাজে ফিরেছেন, তবে নিরাপত্তার বিষয়টি এখনও রয়ে গেছে। একটি প্রশ্ন এটা ঘটেছে.

ডাঃ কেপিএস সফদরজং হাসপাতালের চক্ষুবিদ্যা বিভাগের প্রধান ছিলেন। মালিক বলেছেন, হাসপাতাল প্রশাসনের স্তরে সারাদেশে চিকিৎসকদের কঠোর নিরাপত্তা দিলেই এই সমস্যার বড় পরিসরে সমাধান করা সম্ভব।

ডক্টর মালিক আরও বলেছেন, কলকাতার ঘটনায় দোষীদের দ্রুত বিচার করতে হবে এবং তিন মাসের মধ্যে মৃত্যুদণ্ড দিতে হবে। এতে এ ধরনের অপরাধীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়বে। তিনি আরও বলেছেন যে হাসপাতালে পুরুষ ও মহিলা আবাসিক ডাক্তারদের জন্য পৃথক বিশ্রাম কক্ষ থাকতে হবে এবং এতে আধুনিক নিরাপত্তা প্রযুক্তি থাকা উচিত।

দেশের বহু গণ-আন্দোলনের নেতা ও সুপরিচিত সমাজকর্মী অরবিন্দ পাঠক বলেছেন, হাসপাতালে চিকিৎসকদের, বিশেষ করে মহিলা চিকিৎসকদের বিরুদ্ধে অপরাধের ঘটনা খুবই গুরুতর। কলকাতার ঘটনায় দোষীদের অবিলম্বে মৃত্যুদণ্ড দেওয়া হোক।

এলজেপি (রামবিলাস) জাতীয় সহ-সভাপতি মণিশঙ্কর পান্ডে বলেছেন, কলকাতার ঘটনা দেশের জন্য লজ্জাজনক। দোষীদের কঠোরতম শাস্তি দিতে হবে এবং সারাদেশে চিকিৎসকদের জন্য কঠোর নিরাপত্তার ব্যবস্থা করতে হবে।

# আমাকে শান্তিতে ঘুমোতে দিন',

# প্রেসিডেন্সি জেলে কারারক্ষীদের কাছে সঞ্জয়ের আর্জি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুন করা হয় বলে অভিযোগ। আর তাতে মূল অভিযুক্ত সঞ্জয় রায়কে গ্রেফতার করা হয়েছে। কলকাতা পুলিশ তাকে গ্রেফতার করলেও তদন্ত করছে সিবিআই। তাই মূল অভিযুক্ত সঞ্জয় রায় এখন সিবিআই হেফাজতে। সেখানে তাকে দফায় দফায় জেরা করা হয়েছে। শুক্রবার তাকে জেল হেফাজতে পাঠানো হয়েছে।এছাড়া সিবিআই সূত্রে খবর, অন্য জুনিয়র ডাক্তার এবং নার্সদের থেকে ওই সিভিক ভলানিটয়ার আগেই জেনেছিল ওই তরুণী রাতে একা রয়েছেন। কিন্তু কারা এই খবর দিয়েছিল? খুঁজছে সিবিআই। এখন দুই প্রাক্তন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় এবং জ্যোতিপ্রিয় মল্লিকের সেল থেকে কিছুটা দূরেই নিরিবিলি সেলে রাখা হয়েছে সঞ্জয় রায়কে। ওই সেলেই একদা কুণাল ঘোষ আত্মহত্যার চেষ্টা করেছিলেন বলে জেল সূত্রে খবর। জেলে প্রথম রাতে ডাল-রুটি, সবজি খেয়ে সেলে টানা ঘুম দেয় সঞ্জয় রায়। তবে বেগুন ভাজা পেলে ভাল হতো বলে এক কারারক্ষীকে বলেছে ধৃত। যা শুনে আরও চমকে যান ওই কর্তব্যরত কারারক্ষী। তবে প্রেসিডেন্সি জেলে ঢুকেই কারারক্ষীদের হাতজোড় করে আর্জি জানায় অভিযুক্ত সঞ্জয়। আর তাকে শান্তিতে ঘুমোতে দেওয়ার আবেদন করে বলে সূত্রের খবর।

এবার পলিগ্রাফ পরীক্ষা হবে সঞ্জয় রায়ের। এই পরীক্ষায় সম্মতির বিষয়ে বিচারক তার কাছে জানতে চেয়েছিলেন। সঞ্জয়ের জবাব ছিল, 'আমি নির্দোষ। আমি কিছু করিনি। আমাকে নিশানা করা হয়েছে। এই পরীক্ষা হয়তো তার জন্য। আমি যে নির্দোষ এই পরীক্ষায় হয়তো তা প্রমাণ হবে।' কিন্তু শিয়ালদা আদালত থেকে প্রেসিডেন্সি জেলে গিয়েই ভোলবদলে যায় সঞ্জয়ের। আদালতে তাকে চোখের জল ফেলতে দেখা গিয়েছিল। আর জেলে তাকে অনুরোধ করতে দেখা গিয়েছে। এক কারারক্ষী সূত্রে খবর, সঞ্জয় তাঁকে ডেকে বলেছে, 'জেরায় জেরায় আমি খুব ক্লান্ত। আমাকে খেতে দিতে হবে না। শান্তিতে একটু

এরপর ৪ পাতায়






১-ম পাতার পর

# আরজি করের সেমিনার রুমে ধর্ষণ-খুন, পুলিশ কি ঘুমোচ্ছিল?

# অতিরিক্ত ওসিকে তলব করল সিবিআই

সুরক্ষার দায়িত্বে তো ছিল রাজ্য পুলিশ। তারা কী করছিল? পুলিশের আউটপোস্টও রয়েছে। সেখানে কি রাতে মহিলা পুলিশ থাকত? তারা সেমিনার রুমের কাছে থাকতেন না কেন? সেটা তো হাসপাতালের বিল্ডিংয়ের মধ্যেই। সেই সঙ্গেই সঞ্জয় অত রাতে হাসপাতালে ঢুকেছিল বলে দাবি করা হচ্ছে। কেউ কেন বাধা দিল না? তবে কি হাসপাতাল চালাত সঞ্জয়? এত দাপট কাদের প্রশয়ে পেত?

তৃণমূল নেতা কুণাল ঘোষ বলেন, তদন্ত নিয়ে কিছু বলব না। সিবিআই তো অনেককেই ডেকে পাঠাচ্ছে। তদন্তের কী হল!

মৃত চিকিৎসকের পরিবারের তরফে সংবাদমাধ্যমকে বলা হয়েছে, আমরা তো একটা ভালো এজেন্সি চেয়েছিলাম। আমরা আস্থা রেখেছি। তারা কূলকিনারা করুক। কিন্তু কোনও কূল কিনারাই তো তারা করতে পারেনি। সব মিলিয়ে নানা প্রশ্ন উঠছে। তবে কলকাতা হাইকোর্টে শুক্রবার বড় অগ্রগতি হয়েছে। শুধু চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনা সিবিআই করবে সেটাই নয় এবার আরজি করে দুর্নীতির মামলার তদন্ত করবে সিবিআই। কলকাতা হাইকোর্ট এনিয়ে সুপষ্ট নির্দেশ দিয়েছে। সমস্ত কেস ডায়েরি, সিসিটিভি ফুটেজ ও সমস্ত বিস্তারিত খুঁটিনাটি বিবরণ কালকের ( শনিবার) মধ্যে সিবিআইয়ের কাছে জমা দিতে হবে সিটকে। কাল সকাল ১০টার মধেয় সমস্ত তদন্ত নথি জমা দিতে হবে সিবিআইয়ের কাছে। এবার একই সঙ্গেই দুটি তদন্ত চালাবে সিবিআই।

১-ম পাতার পর

# মৃত্যু অসমে নাবালিক গণধর্ষণের মূল অভিযুক্ত তাফুজলের

অভিযুক্ত তাফুজল ইসলামকে গ্রেপ্তার করে পুলিশ। অসম পুলিশের দাবি, শুক্রবার রাতভর জিজ্ঞাসাবাদের পর শনিবার ভোর চারটে নাগাদ তাফুজলকে ঘটনার পুনর্নির্মাণের জন্য অকুস্থলে নিয়ে যাওয়া হচ্ছিল। সেসময় পুলিশের হাত থেকে পালানোর চেষ্টা করে ওই অভিযুক্ত। ঝাঁপ দেয় পাশের পুকুরে। সেই পুকুরেই মৃত্যু হয় তাঁর।

২ পাতার পর

# আর জি কর হাসপাতালে মহিলা ডাক্তারকে ধর্ষণ ও খুনের বিচার চেয়ে ছাত্র ও যুবকদের প্রতিবাদ মিছিল বের হল বাগনানের হিজলক মোড়ে

পড়েছে।ডাক্তার, নার্স, শিক্ষক, ছাত্র-ছাত্রী থেকে শুরু করে সমস্ত স্তরের মানুষের একটাই দাবি এই নারকীয় ঘটনার বিচার চাই,প্রকৃত দোষীদের শাস্তি চাই। আজকের এই প্রতিবাদ মিছিল থেকে আওয়াজ ওঠে "বিচার যত থমকে রবে, গর্জন তত তীব্র হবে"। স্থানীয় ছাত্র-ছাত্রী ও যুবকদের দ্বারা আয়োজিত এই মিছিলের এক আহ্বায়ক শুভেন্দু দণ্ডপাঠ বলেন যে, "এই ধরনের নারকীয় ঘটনার মূল অপরাধীদের বিচার না হলে এই অপরাধ সমাজে বাড়তেই থাকবে। আমরা আমাদের পরিবারের যে কেউই এই অপরাধের শিকার হতে পারি। তাই সমস্ত মানুষের আজ এই প্রতিবাদে আসা ছাড়া আর কোনো উপায় নেই। আমরা অত্যন্ত আশ্চর্য হয়ে যাচ্ছি যে,এই ধরনের অপরাধীদের আড়াল করারও একটা হীন প্রচেষ্টা কেউ কেউ করছে। তাদের ধিক্কার জানাই।আশা করছি, আমাদের দেশের বিচারব্যবস্থা অতি দ্রুত উপযুক্ত তদন্ত করে দোষীদের বিরুদ্ধে কঠোর শাস্তি দেবে।"আহ্বায়ক এক শিক্ষক সেখ আজহারুদ্দিন বলেন যে,"যতদিন না আসল দোষীদের বিচারব্যবস্থার আওতায় এনে উপযুক্ত শাস্তি দেওয়া হচ্ছে ততদিন অপরাধীরা এই সমাজে ঘুরে বেড়াবে। ছাত্র-ছাত্রীদের নিরাপত্তাও থাকবে না। তাই ছাত্রীদের নিরাপত্তার দাবিতে এই মিছিলে ছাত্র ছাত্রীদের নিয়ে আমরা যোগ দিয়েছি।" মিছিলে অংশগ্রহণকারী এক ছাত্রী অঙ্কিতা মাল বলেন যে, " আজ নিজের কর্মস্থলে একজন মহিলা ডাক্তার যদি নিরাপদে না থাকতে পারে তবে সমাজে নারীদের নিরাপত্তা কোথায় আছে। তাই নারী নিরাপত্তা সুনিশ্চিত করার দাবি জানাতে আমরা বন্ধু -বান্ধবীরা এই মিছিলে অংশ নিয়েছি।" মিছিল শুরুর আগে এই নারকীয় ঘটনার বিচার চেয়ে প্রতিবাদী চিত্র ক্যানভাসে ফুটিয়ে তোলে স্থানীয় চিত্রশিল্পীরা।এক চিত্রশিল্পী রূপজিৎ শ্বাসমল জানিয়েছেন যে,সমাজের সমস্ত স্তরের মানুষ যেভাবে আজ বিচার চেয়ে পথে নামছে তাতে সমস্ত শিল্পীরাও সামিল।দল-মত-বর্ণ সবকিছু ভুলে একমাত্র জাস্টিসের দাবিতে চিত্র অঙ্কনও আজ প্রতিবাদের ভাষা,তাই আমাদের এই প্রতিবাদে আসা।"মিছিল শেষে হিজলক মোড়ে তিলোত্তমার প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিটের নীরবতা পালন করা হয়। সব মিলিয়ে এই প্রতিবাদ আজ প্রমাণ করল যে, বিচার না হওয়া পর্যন্ত বাগনানবাসী প্রতিবাদ চালিয়ে যাবে।

## আপাতত ছুটিতে আছেন আরজি কর মেডিক্যাল কলেজের

# প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আপাতত ছুটিতে আছেন আরজি কর মেডিক্যাল কলেজের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ। স্বাস্থ্য ভবন বলছে, আপাতত কোনও পদে নেই তিনি। কিন্তু এটা কি আদৌ সম্ভব? এভাবে কি কোনও পদ ছাড়া থাকতে পারেন কোনও সরকারি কর্মী? স্বাস্থ্য ভবনের সিদ্ধান্তে রয়েছে ধোঁয়াশা। প্রাক্তন স্বাস্থ্যকর্তারাও প্রশ্ন তুলছেন, এসব কীভাবে হচ্ছে?উল্লেখ্য, সাধারণত এই ছুটি নেওয়ার ক্ষেত্রে দীর্ঘদিন ধরে অনুপস্থিত থাকলে ফিরে

এরপর ৪ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৩২ সংখ্যা ২৫ আগস্ট, ২০২৪ রবিবার ০৮ ভাদ্র, ১৪৩১

## চারদিনের মার্কিন যুক্তরাষ্ট্র সফরের ওয়াশিংটনে পৌঁছলেন প্রতিরক্ষামন্ত্রী

**নতুন দিল্লি, ২৩ অগাস্ট, ২০২৪ : নিউজ সারাদিন :** ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মিলিত শক্তি বিশ্বে শান্তি, সুস্থিতি এবং সমৃদ্ধি নিশ্চিত করতে পারে - চারদিনের মার্কিন যুক্তরাষ্ট্র সফরে ২২ অগাস্ট, ২০২৪ ওয়াশিংটনে পৌঁছে মন্তব্য করলেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। ওই দেশে বসবাসরত ভারতীয়দের এক অনুষ্ঠানে তিনি বলেন, ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্র স্বাভাবিক ও অনিবার্য অংশীদার এবং এই সম্পর্ক ধারাবাহিকভাবে প্রসারিত হচ্ছে।

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সক্রিয় নেতৃত্বে ভারত আন্তর্জাতিক আঙিনায় ক্রমে আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠছে বলে ফের মন্তব্য করেন শ্রী রাজনাথ সিং। তিনি বলেন, ২০১৪-র আগে লগ্নি বিশ্লেষক সংস্থা মর্গ্যান স্ট্যানলে ভারতকে 'ভঙ্গুর পাঁচ' দেশের তালিকায় রেখেছিল। এখন ভারত বিশ্বের 'শক্তিসমৃদ্ধ পাঁচ' অর্থনীতির একটি বলে পরিচিত। মর্গ্যান স্ট্যানলে এখন বলছে, যে ভারত ২০২৭ নাগাদ বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতি হয়ে উঠবে। কোভিড ১৯ অতিমারির সময়ে ভারতীয় অর্থনীতি অন্য দেশগুলির অর্থনৈতিক ব্যবস্থাপনার তুলনায় কম ক্ষতিগ্রস্ত হয়েছে। ভারত সরকার ২৫ কোটি মানুষকে দারিদ্র সীমার উপরে টেনে তুলেছে। সাম্প্রতিক তথ্য অনুযায়ী খুচরো পণ্যের মুদ্রাস্ফীতির হার ৫ বছরে সর্বনিম্ন ৩.৫৪% -এ নেমেছে এবং ভারতের বিদেশি মুদ্রার ভান্ডার পৌঁছেছে ৬৭৫ বিলিয়ন ডলারের রেকর্ড মাত্রায়। প্রতিরক্ষা ক্ষেত্রে 'আত্মনির্ভরতা' অর্জনে ভারত সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের প্রসঙ্গে প্রতিরক্ষামন্ত্রী ৫,০০০-এরও বেশি সরঞ্জামের স্বদেশীকরণ সংক্রান্ত তালিকার কথা বলেন। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর প্রতিরক্ষাখাতে রপ্তানির পরিমাণ ৬০০ কোটি টাকা থেকে বেড়ে ২১,০০০ কোটি টাকা ছাপিয়ে গেছে বলে উল্লেখ করে প্রতিরক্ষামন্ত্রী বলেন, উদ্ভাবনার প্রসারে সরকারের উদ্যোগের কল্যাণে ভারতে স্টার্টআপ-এর সংখ্যা ২০১৪-র ৪০০ থেকে বেড়ে একলাফে হয়েছে ১.২০ লক্ষ।

'বসুধৈব কুটুম্বকম'-এর আদর্শে জারিত হয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসরত ভারতীয়দের সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করে যেতে হবে বলে প্রতিরক্ষামন্ত্রী বার্তা দেন। শ্রী রাজনাথ সিং-এর এই সফরের মধ্যেই দু'দেশের সামরিক আধিকারিকরা সরবরাহ নিরাপত্তা ব্যবস্থাপনা এবং সংযোগ (লিয়াসঁ) আধিকারিকদের নিযুক্তি সম্পর্কিত দুটি চুক্তিতে স্বাক্ষর করেছেন।

মার্কিন যুক্তরাষ্ট্র সফরে প্রতিরক্ষা মন্ত্রী ওই দেশের প্রতিরক্ষা সচিব (মন্ত্রী) লয়েড অস্টিনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। আমেরিকার জাতীয় সুরক্ষা সংক্রান্ত বিভাগের প্রেসিডেন্ট জ্যাক সুলিভ্যানের সঙ্গেও তিনি দেখা করবেন। এছাড়া, মার্কিন প্রতিরক্ষা শিল্পমহলের সঙ্গে উচ্চস্তরীয় গোল টেবিল বৈঠকে বসবেন তিনি।

প্রতিরক্ষামন্ত্রীর এই সফর ভারত-মার্কিন সার্বিক কৌশলগত অংশীদারিত্বকে আরও জোরদার করবে বলে আশা করা হচ্ছে।

## সম্পাদকীয়

### শুভেন্দুর সব প্রস্তাবেই 'হ্যাঁ' নয়, ভিন্ন মত বাড়ছে বঙ্গ বিজেপিতে

দলের শীর্ষ নেতৃত্ব এখনও তাঁর ওপর ভরসা রাখেন, আস্থা রাখেন। প্রয়োজনে ডেকে পাঠান বা সরাসরি ফোনে কথা বলে নেন। তবুও কোথাও যেন সুর কাটছে। দূরত্ব বাড়ছে। ক্রমশই দলে যেন একঘরে, একপেশে, কোনঠাসা হয়ে পড়ছেন তিনি। মাঝে মধ্যেই তাঁর বড় একা লাগে দলের অন্দরে। দলে যেন তাঁর সেই গুরুত্ব আগের মতো নেই।

আর জি কর কাণ্ডে ছাত্রসমাজ নবান্ন অভিযানের ডাক দিয়েছে। সেই অভিযানে আরএসএস নাকি সমর্থন করছে এমন খবর শোনাও যাচ্ছে। এমনকি সেই অভিযানে বিজেপির নীচুতলার প্রচুর কর্মী ও সমর্থকেরা যোগ দেবেন, এমন তথ্যও মিলছে যা পদ্ম শিবিরের নেতারা অস্বীকার করে দিচ্ছেন না। কিন্তু সেই সঙ্গে এটাও সত্য, সেই অভিযানে শুভেন্দু যোগ দেবেন ব্যক্তিগত ভাবে। বিজেপি নেতা হিসাবে নয়, রাজ্যের বিরোধী দলনেতা হিসাবেও নয়। তবে রাজ্যের বিরোধী দলনেতা হিসাবে তিনি যে নিরাপত্তা পান তা থাকবে। মজার কথা শুভেন্দু সেই অভিযানে যোগ দিলেও, তাতে যোগ দেবেন না বঙ্গ বিজেপির প্রথম সারির কোনও নেতানেত্রীরা। আর এই ঘটনা তথা সিদ্ধান্ত কার্যত দেখিয়ে দিচ্ছে, বেশ সুচিন্তিত ভাবে, সুপরিকল্পিত ভাবে, ধীর গতিতে, শুভেন্দুর সঙ্গে দূরত্ব বাড়িয়ে নিচ্ছে বঙ্গ বিজেপি। তাঁরা বুঝিয়ে দিচ্ছে শুভেন্দু মানেই বঙ্গ বিজেপি নয়, আবার বঙ্গ বিজেপি মানেই শুভেন্দু নয়। সম্ভবত সেই সিদ্ধান্তে দলের কেন্দ্রীয় নেতৃত্বেরও সমর্থন আছে। নাহলে শুভেন্দুর সিদ্ধান্তে এভাবে দূরত্ব তৈরি করতো না বঙ্গ বিজেপি নেতৃত্ব। কান পাতলে এটাও শোনা যাচ্ছে, দলে থাকা শুভেন্দু অনুগামীদেরও এবার আস্তে আস্তে কোনঠাসা করে দেওয়া হবে। পদ কেড়ে নেওয়া হবে। দেখার বিষয়, নবান্ন অভিযান শেষে শুভেন্দুর সঙ্গে মমতার কোনও বৈঠক হয় কিনা!যা যা তিনি বলতেন, সেটাই সবাই মেনে নিত। এখন, সেই মেনে নেওয়া তো বহু দূর, তাঁর প্রস্তাব নিয়ে দলে কোনও আলোচনাও হয় না। বিষয়টা এখন এমন দাঁড়িয়েছে যেন, তুমি চলো তোমার মর্জিতে, আমরা চলি আমাদের খেয়ালে। হ্যাঁ এটাই এখন বঙ্গ বিজেপির সঙ্গে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর রসায়ন। সেই ঘটনা কার্যত আরও স্পষ্ট হয়ে গিয়েছে আর জি কর কাণ্ড নিয়ে বঙ্গ বিজেপির অবস্থানে।শুভেন্দুর সঙ্গে দ্বন্দ্ব ঠিক কোথায় বঙ্গ বিজেপির নেতাদের? পদ্মের নেতারা প্রকাশ্যে জানাচ্ছেন, দলে কোনও দ্বন্দ্ব নেই। সবাই একজোট হয়ে কাজ করছেন। সত্যিই কী তাই! দলের নেতাদের অনেকেই আড়ালে স্বীকার করছেন, বঙ্গ বিজেপিতে শুভেন্দুর গুরুত্ব আর কদর দুই কমছে লোকসভা নির্বাচনের পর থেকে। বিশেষ করে যেভাবে তিনি রাজ্য বিধানসভায় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তৃণমূলের সঙ্গে দূরত্ব কমিয়ে ফেলেছেন, যেভাবে চূড়ান্ত তৃণমূল ও সংখ্যালঘু বিরোধিতার পথ থেকে সরে এসেছেন, তা দেখে দলের সিংহ ভাগই এখন এটা মানতে নারাজ যে শুভেন্দুর সঙ্গে তলে তলে তৃণমূলের আর কোনও যোগাযোগ নেই। বরঞ্চ দলের বড় অংশই এখন এটা মনে করেন, শুভেন্দুর তৃণমূলে প্রত্যাবর্তনে এখন সময়ের অপেক্ষা মাত্র। লক্ষ্যণীয় ভাবে, তৃণমূলের নেতানেত্রীদের বক্তব্যেও আর আগের মতো শুভেন্দু বিরোধিতার আঁচ মেলে না। কোথাও যেন একটা বোঝাপড়া চলে আসছে প্রকাশ্যে, যা খালি চোখেও ধরা পড়ে যাচ্ছে। আর জি কর কাণ্ডে কার্যত শুভেন্দুর সঙ্গে বঙ্গ বিজেপির সেই দূরত্ব মারাত্মক আকারে প্রকট করে দিয়েছে।আর জি কর কাণ্ডে প্রথম থেকেই রাস্তা কাঁপাচ্ছে বামেরা। আন্দোলনের প্রথম সারিতে যে সব মুখ দেখা যাচ্ছে তাঁরা সব বামপন্থী। সেখানে বিজেপির মুখ খোঁজা খড়ের গাদায় সূঁচ খোঁজার সামিল হবে। কার্যত, আর জি কর-কাণ্ডে বঙ্গ বিজেপির অবস্থান কী হবে সেটাই ঠিক করে উঠতে পারেনি দলের রাজ্য নেতৃত্ব। তাই গোটা দলই হাত গুটিয়ে বসে ছিল। যদিও তৃণমূলের অভিযোগ, আন্দোলনের পিছনে হাওয়া দিয়ে গিয়েছে বিজেপি। সোশ্যাল মিডিয়ায় বিস্তর ফেক নিউস ছড়িয়ে দেওয়া হয়েছে বিজেপি শাসিত রাজ্যগুলি থেকে। কিন্তু সেখানে না শুভেন্দু আছেন, না বঙ্গ বিজেপি আছে। শুভেন্দু আর জি কর কাণ্ডে বার বার 'পতাকাহীন' আন্দোলনের কথা বলছেন বটে, কিন্তু তাতে রাজ্য নেতৃত্বের তাতে সায় নেই। এমনকি, দলের বৈঠক বা কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে আলোচনার সময়ে শুভেন্দুর প্রস্তাব নিয়ে কোনও কথা হয়নি। পদ্মনেতাদের মতে, এটাই বঙ্গ বিজেপির অন্দরে সব থেকে বড় পরিবর্তন। আগে শুভেন্দু যেটা বলতেন সেটা গুরুত্ব দিয়ে দেখা হতো। সেটা নিয়ে আলোচনা হতো। শেষ মুহুর্তে দেখা যেত শুভেন্দুর অভিমতই প্রধান্য ও গৃহীত হয়েছে কেন্দ্রীয় নেতৃত্বের কাছে। সেই মতোই বঙ্গ বিজেপির আন্দোলন বা কর্মসূচী হচ্ছে। কিন্তু সেটাই এখন বন্ধ হয়ে গিয়েছে।

## মাতৃ শক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(অষ্টম পর্ব)

একেবারে বাংলার নিজস্ব আটচালা ঘরানার ছাপ। শিব আর শক্তির মন্দিরের পাশাপাশি রাধাকৃষ্ণ মন্দিরের কথাও ভেবেছিলেন রানি। শাক্ত-বৈষ্ণব বিবাদ-বিরোধের আবহের মধ্যেই সমন্বয়ের ভাবনা।



বিবাদ-বিসংবাদের ঊর্ধ্বে সংহতির বাতাবরণ প্রতিষ্ঠার কথা। একই পাঁচিলের বেষ্টনীতে শাক্ত, শৈব আর বৈষ্ণব মতাদর্শের মহামিলন।

প্রথমে ঠিক হয়েছিল, দেশীয় মিস্ত্রিদের দিয়ে তৈরি হবে মন্দির। তাদের বরাতও দেওয়া হয়। কিন্তু কাজ এগোতে লাগল ধীরগতিতে। তার মধ্যে গঙ্গার প্রবল বানে সব নষ্ট। তখন খানিকটা বাধ্য হয়েই রানি বরাত দিলেন সাহেবি নির্মাণ সংস্থা ম্যাকিনটসবার্ন কোম্পানিকে। ১৮৫০ সালে তারা মন্দির তৈরির কাজ শুরু করল। প্রথমে ঠিক হয়েছিল গঙ্গার তীরে পোস্তা আর ঘাট তৈরি করবে তারা। সেই মতো চুক্তি। বরাত দেওয়া হয় এক লাখ ষাট হাজার টাকার।

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

## আরজি কর কাণ্ডের পর সতর্ক রাজ্য পুলিশও, ভুয়ো খবর সহ একাধিক ইস্যুতে কড়া নির্দেশিকা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আরজি কর কাণ্ডের পর থেকে কলকাতা পুলিশ দাবি করেছে যে সোশ্যাল মিডিয়ায় নানা ভুল খবর ছড়াচ্ছে। ইতিমধ্যে এই সংক্রান্ত ইস্যুতে জিজ্ঞাসাবাদ করার জন্য একাধিকজনকে তলবও করেছে লালবাজার।এই মুহূর্তে সবথেকে বেশি চিন্তার বিষয় ভুয়ো খবর রটে যাওয়া। সেই প্রেক্ষিতে রাজ্য পুলিশের নির্দেশ, সত্য তথ্য দিয়ে পাল্টা পোস্ট করতে হবে পুলিশের অফিশিয়াল সাইট থেকে। পাশাপাশি ভুয়ো খবর ছড়ানো রুখতে সোশ্যাল মিডিয়ার উপর সর্বক্ষণ নজরদারি চালাতে হবে। সব জেলা আধিকারিক থেকে শুরু করে এডিজি-আইজি পদমর্যাদার পুলিশ সহ সমস্ত উচ্চপদস্থ কর্তাদের এই নির্দেশিকা পাঠানো হয়েছে।আবার বহু নির্দেশিকাও জারি করা হয়েছে। এবার ভুয়ো খবর ইস্যুতে পদক্ষেপ করল রাজ্য পুলিশও। একগুচ্ছ নির্দেশিকা জারি করা হয়েছে তাঁদের তরফেও।

পশ্চিমবঙ্গ পুলিশের তরফে যে নির্দেশিকা জারি করা হয়েছে তা শুধুমাত্র ভুয়ো খবর ছড়ানো বা আরজি কর ইস্যুতে নয়। বর্তমানে যে পরিস্থিতি তৈরি হয়েছে তার জন্য যাতে সাধারণ মানুষের সমস্যা আরও না বাড়ে সে জন্য নানা নির্দেশ দেওয়া হয়েছে। প্রথমেই বলা হয়েছে কোনও খবর পাওয়ার সঙ্গে সঙ্গে মামলা রুজু করতে। কারণ সেটি ঠিক না ভুল তা যাচাই করা দরকার। পুলিশ কর্মীরা কী ভাবে কাজ করবেন সেটাও স্পষ্ট করে উল্লেখ করে দেওয়া হয়েছে এই নির্দেশিকায়। বলা হয়েছে, কোনও ঘটনাস্থলে যত দ্রুত সম্ভব পৌঁছতে হবে এবং নির্দিষ্ট স্থান পুলিশের 'ডু নট ক্রস দ্য লাইন' টেপ দিয়ে ঘিরতে হবে। স্নিফার ডগ, ফরেনসিক এক্সপার্টরাও যাতে দ্রুত সেখানে পৌঁছতে পারেন সেদিকে নজর রাখতে হবে। ঘটনাস্থলের ভিডিওগ্রাফি করতে হবে। পাশাপাশি ঘটনাস্থল থেকে পাওয়া যাবতীয় তথ্য সংরক্ষণ করতে হবে নির্দিষ্ট নিয়মেই। কোনওরকম ভুল করা চলবে না। একই সঙ্গে এও বলা হয়েছে, মহিলা এবং শিশুদের ক্ষেত্রে সহানুভূতি নিয়ে কাজ করতে হবে।

নির্দেশিকায় এও উল্লেখ করা হয়েছে, যে কোনও ঘটনাতেই পরিবারকে দিয়ে দ্রুত এফআইআর করাতে হবে। যদি পরিবারের কাউকে না পাওয়া যায় তাহলে স্বতঃপ্রণোদিত মামলা রুজু করবে পুলিশই। এছাড়া কোনও উচ্চপদস্থ অফিসার যিনি ঘটনা সম্পর্কে পুরোপুরি ওয়াকিবহাল, তিনি মিডিয়া ব্রিফিং করবেন। আর কেউ সংবাদমাধ্যমে কথা বলবে না।

৩ পাতার পর

## ২৭ অগস্ট নবান্ন অভিযানের ডাক ছাত্র সমাজের, ব্যাপক গোলমালের আশঙ্কা গোয়েন্দাদের

তাদের অনেক আগেই আটকে দেওয়া হবে। গড়ে তোলা হবে বাঁশের ও স্টিলের ব্যারিকেড। থাকবে জলকামান ও অন্যান্য প্রস্তুতি।পুলিশকে আক্রমণ করা হতে পারে। শুক্রবার ছাত্র সমাজের ডাকে কলকাতা প্রেস ক্লাবে একটি সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। সাংবাদিক সম্মেলন দেরিতে শুরু করে উদ্যোক্তারা বলেন,ক্ষমা চাইছি কিছুক্ষন অপেক্ষা করতে হল। ক্ষমা চাইছি সেসব পুরুষদের পক্ষ থেকে, কারণ যেভাবে নারী নির্যাতন চলছে প্রতিদিন।সাংবাদিক সম্মেলনের উদ্যোক্তারা বলেন, মূলত ২৭ অগস্ট আমরা নবান্ন অভিযানের ডাক দিয়েছি। আমরা ছাত্র সমাজ। আরজি করের ঘটনার জন্য আমরা নিত্য নৈমিত্তিক কোনো কাজ করতে পারছিনা। ব্যাকূলতা গ্রাস করেছে আমাদের। মূলত, সোশ্যাল মিডিয়ায় মানুষের সব প্রশ্ন সাজিয়ে আমরা ছাত্র সমাজ তৈরী করেছি। মুখ্যমন্ত্রীর পদত্যাগ এর দাবি জানিয়েছে প্রত্যেকে। রাজ্যের প্রশাসনিক প্রধান এখনও চুপ করে রয়েছেন। কোনো প্রশ্নের উত্তর তিনি দেননি। মানুষের ধোঁয়াশা কাটানোর জন্য আমরা এই ছাত্র সমাজ তৈরী করেছি। তাই আমরা দাবি রেখেছি মূলত তিনটে ।নির্যাতিতার সুবিচার,দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি,মুখ্যমন্ত্রী স্বাস্থ্য দফতর ও পুলিশ দফতরের প্রধান, দুই দফতরই ব্যর্থ। স্বাভাবিক ভাবেই তাকে এই দায়ভার নিতে হবে। তার শাসনকালে থেকেই তো এগুলো বলে গেছেন তিনি। কখনো বলেছেন নির্যাতিতার দোষ, বিচ্ছিন্ন ঘটনা। আমাদের সমাজে এটা খারাপ বার্তা দিচ্ছে। আমরা তাই এর বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্চি। এই সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন,প্রবীর দাস, রবীন্দ্রভারতী(এম এ),শুভঙ্কর হালদার, কল্যাণী (এম এ বি.এড),সায়ন পালিত, ।ডাক্তারি পড়ুয়াদের আহ্বান জানিয়েছি। এখানে কোনো দল মত বর্ণ নেই। আর জি করের সমর্থন আমরা আশা রাখছি বলে দাবি করেন উদ্যোক্তারা। পুলিশকে জানানো হয়েছে। কিন্তু তারা কতদূর কি করবেন জানি না। তাদের অনুমতির ভরসায় নেই আমরা বলে জানান নবান্ন অভিযান দেওয়ার উদ্যোক্তারা। যখন আমাদের পক্ষ থেকে ২৭ এর নবান্ন অভিযানের ডাক দেওয়া হয়েছিল, তখন এটাকে এবিভিপি র আন্দোলন বলে চালানোর চেষ্টা হয়েছিল। কিন্তু তাদেরকে জানানোর পর তারা জানিয়েছে তাদের সঙ্গে এই আন্দোলন এর কোনো যোগাযোগ নেই। তবে নৈতিক ভাবে তারা আমাদের পাশে থাকবে বলে জানিয়েছে।

৩ পাতার পর

## আমাকে শান্তিতে ঘুমোতে দিন', প্রেসিডেন্সি জেলে কারারক্ষীদের কাছে সঞ্জয়ের আর্জি

ভাল করে ঘুমোতে দিন।'

এই কথা শুনে কারারক্ষী বেশ চমকে যান। সন্ধ্যার সময় হঠাৎ কোনও আসামী এমন কথা বলতে পারে তা ভাবতেও পারেননি ওই কারারক্ষী। কড়া নিরাপত্তায় প্রেসিডেন্সি জেলে রাখা হয়েছে সঞ্জয়কে। জেল কর্মীদের হাতজোড়া করে শান্তিতে ঘুমনোর আর্জি সেলেই শুধু করেনি সঞ্জয়। বরং প্রেসিডেন্সি জেলে ঢোকার পরও তা করেছিল ধৃত। সিবিআই এবং সিট দু'জনেরই দাবি, সঞ্জয় আগে অপরাধের কথা স্বীকার করেছে। সিসিটিভি ফুটেজ এবং কিছু সরঞ্জাম হাতে এসেছে। এই সিসিটিভি ফুটেজের সঙ্গে সঞ্জয়ের দেওয়া বয়ানের মিল পাওয়া যায়নি। এই মূল অভিযুক্তকে কলকাতা পুলিশ গ্রেফতার করেছে। তাহলে সিবিআই করল কী? উঠছে প্রশ্ন।

৩ পাতার পর

## আপাতত ছুটিতে আছেন আরজি কর মেডিক্যাল কলেজের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ

আসার পর এই 'এক্সট্রা অর্ডিনারি লিভ'-এর জন্য আবেদন করতে হয়। আবেদন করার পর ফাইল তৈরি করা হয়, তারপর তাতে অনুমোদন দেওয়া হয়। এরপর ভিজিল্যান্স ক্লিয়ার হওয়ার পর পাওয়া যায় ছুটি।

সুশান্ত বন্দ্যোপাধ্যায় বলেন, 'কেউ বলল ছুটি দিন, আর অনুমোদন দিয়ে দিলাম। এটা স্বাভাবিক ব্যাপার নয়। সরকার যা খুশি করতে পারে না।' প্রাক্তন স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা সুশান্ত বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, কোনও পদে নেই এর অর্থ হল, 'ঝুলে আছেন, কোনও অস্তিত্বই নেই।' এর মধ্যে কোনওটাই স্বাভাবিক ঘটনা নয় বলে দাবি করেছেন তিনি। তাঁর স্পষ্ট বক্তব্য, সরকারি কর্মীকে কোনও না কোনও একটা পোস্টিং দিতেই হবে। হতে পারে অধ্যক্ষ বা ওএসডি। একমাত্র সাসপেন্ড হলে তবেই এমন স্টেটাস ছাড়া থাকা যায় বলে জানান তিনি।

সরকারি নিয়ম-নীতি নিয়ে প্রশ্ন তুলে সুশান্ত বন্দ্যোপাধ্যায় বলেন, "যাকে তাকে, যখন খুশি বসিয়ে দিলাম, সরকারি চাকরিতে এ সব হয়না। সার্ভিস রুল আছে। সরকার নিজেই যদি নিজের রুল ভাঙে, তাহলে কিছু বলার নেই।"

একই প্রশ্ন তুলেছেন আর এক প্রাক্তন স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা প্রদীপ মিত্র। তিনি বলেন, "সন্দীপ ঘোষের পদটা কী, তা আমরা জানি না। স্টেটাসটা কী, সেটা কেউ জানে না। কোন পোস্টে থেকে ছুটি নিলেন তিনি?"একই প্রশ্ন তুলেছেন আর এক প্রাক্তন স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা প্রদীপ মিত্র। তিনি বলেন, "সন্দীপ ঘোষের পদটা কী, তা আমরা জানি না। স্টেটাসটা কী, সেটা কেউ জানে না। কোন পোস্টে থেকে ছুটি নিলেন তিনি?"

সিএল বা ইএল-এর মতো কোনও সাধারণ ছুটি সন্দীপ ঘোষ নেননি। তিনি পেয়েছেন 'এক্সট্রা অর্ডিনারি লিভ' বা ইওএল। প্রাক্তন স্বাস্থ্য শিক্ষা অধিকর্তা প্রদীপ মিত্রের দাবি, এই ছুটির জন্য আবেদন জানাতে হয়। সরকার এভাবে ছুটি দিয়ে দিতে পারে না। আর আর্ন লিভ থাকা সত্ত্বেও কেন সন্দীপ ঘোষকে 'এক্সট্রা অর্ডিনারি লিভ' দেওয়া হল, সেই প্রশ্নও তুলেছেন তিনি। কোন কারণে এই ছুটি, সেটাও প্রকাশ্যে আসেনি।

## জঙ্গলের দেবী মা মনসা



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

প্রদায়িনী, সহাস্য বদনা, কণক মনি মুক্তা প্রবালাদির অলঙ্কার ধারিনী, অষ্ট নাগ পরিবৃতা, উন্নত কুচ যুগল সম্পন্না , সর্পিণী , ইচ্ছা মাত্র রূপ ধারিনী দেবীকে বন্দনা করি ।) ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ, দেবী ভাগবত পুরানে মনসা দেবীর লীলা ও ঘটনা বর্তমান। আর সেই কারণে আমি ছোট থেকে দেখে এসেছি আমাদের বাড়িতে পিতা ও মাতা মনসা নামে একটি গাছকে, মনসা দেবীর আজও পূজা করে চলেছে।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## মুক্তির ৪ দিনেই ২০০ কোটি ব্যবসা 'স্ত্রী ২' সিনেমার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অমর কৌশিক পরিচালিত হরর কমেডি সিনেমা 'স্ত্রী ২' রমরমা ব্যবসা করছে বক্স অফিসে। শ্রদ্ধা কাপুর, রাজকুমার রাও, পঙ্কজ ত্রিপাঠী অভিনীত সিনেমা মুক্তির চতুর্থ দিনে ভারতীয় বাজারে ৫৮.২ কোটি টাকা আয় করে ফেলেছে। শুরুতেই এমন ব্যবসা আশা বাড়াচ্ছে নির্মাতাদের।

ট্রেড অ্যানালিস্ট সূত্রে খবর, এ সিনেমা চতুর্থ দিনে ভারতে মোট ৫৮.২ কোটি টাকার ব্যবসা করেছে। অপারশক্তি খুরানা, অভিষেক বন্দ্যোপাধ্যায় অভিনীত এ সিনেমার বুধবার যে বিশেষ স্ক্রিনিংয়ের ব্যবস্থা করা হয়েছিল সেখান থেকে আয়ের পরিমাণ ৮.৫ কোটি টাকা। ভিত শক্ত হতেই মুক্তির প্রথম দিনেই এ সিনেমা ৭৬.৫ কোটি টাকার ব্যবসা করে।

প্রসঙ্গত, মুক্তির দিন ছিল ভারতের স্বাধীনতা দিবস অর্থাৎ ছুটি। দ্বিতীয় দিনে আয়ের পরিমাণের সঙ্গে ৩৫.৩ কোটি যোগ হয়। তৃতীয় দিনে আয়ের পরিমাণ ছিল ৪৫.৭ কোটি টাকা। অর্থাৎ প্রথম চার দিন মিলিয়ে ভারতীয় বক্স অফিসে মোট আয়ের পরিমাণ ২০০ কোটি পার করে ২০৪ কোটিতে দাঁড়িয়েছে বলে জানিয়েছেন নির্মাতারা। চার দিন শেষে পুরো বিশ্বে আয়ের পরিমাণ ২৮৩ কোটি টাকা।

প্রসঙ্গত, 'স্ত্রী' সিনেমাও বক্স অফিসে বেশ সাড়া ফেলেছিল। তারই দ্বিতীয় ভাগে চান্দেরি অঞ্চলের মানুষকে ভয় দেখিয়ে বেড়াচ্ছে 'সরকটে'। তার হাত থেকে রক্ষা পেতে আবারও চান্দেরির বাসিন্দারা 'স্ত্রী'র শরণাপন্ন। সিনেমাতে রয়েছে একাধিক সারপ্রাইজ, দেখা মিলবে অক্ষয় কুমার, তামান্না ভাটিয়া ও বরুণ ধাওয়ানের।

বক্স অফিসে জোর প্রতিযোগিতায় পড়তে হতে পারত 'স্ত্রী ২'কে। কারণ একইসঙ্গে মুক্তি পেয়েছে জন আব্রাহামের'বেদা' ও অক্ষয় কুমারের 'খেল খেল মেঁ'। তবে 'স্ত্রী ২'-এর ব্যবসার কাছে কিনারে নেই বাকি দুই সিনেমা। হিন্দির পাশাপাশি তামিল ও তেলুগুতে মুক্তি পাওয়া সত্ত্বেও 'বেদা' মাত্র ৬.৫২ কোটি টাকা আয় করেছে। অন্যদিকে অক্ষয়ের 'খেল খেল মেঁ' সিনেমার আয়ের পরিমাণ ৫ কোটি টাকা।

## নিকের ছিল আট প্রেমিকা, প্রিয়াঙ্কা জানতেন কি?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১০ বছরের ছোট নিক জোনাস টুইটারে সরাসরি মেসেজ করে প্রিয়াঙ্কা চোপড়ার নম্বর চেয়েছিলেন। যদিও সেই সময় অন্য এক সম্পর্কে ছিলেন অভিনেত্রী। তবে সেই সম্পর্ক যে শেষের পথে তাও ততদিনে বুঝে গিয়েছেন প্রিয়াঙ্কা। শুরু হয় পপ তারকার সঙ্গে কথাবার্তা।

তবে প্রিয়াঙ্কার সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার আগে নিকেরও ছিল একাধিক সম্পর্ক। যে তিনটি সম্পর্ক নিয়ে চর্চা সব থেকে বেশি সেগুলি মিলি সাইরাস, সেলেনা গোমেজ ও অলিভিয়া কুলপোর সঙ্গে। প্রত্যেকেই স্বক্ষেত্রে খ্যাতনামী। যদিও একটি সম্পর্কও টেকেনি নিকের। শেষ পর্যন্ত ভারতীয় অভিনেত্রীর সঙ্গে ঘর বাঁধেন এই গায়ক। কিন্তু স্বামীর প্রেমজীবনের কথা জানতে পেরে কী প্রতিক্রিয়া দেন সাবেক বিশ্ব সুন্দরী?

প্রিয়াঙ্কা এখন নিকের ঘরনি। কন্যা মালতী মেরিকে নিয়ে সুখী দাম্পত্য তাদের। ২০১৮ সালের ১ ডিসেম্বর তারা বিয়ে করেন। খ্রিস্ট ও হিন্দু; দুই সম্প্রদায়ের রীতি মেনেই বিয়ে হয়। ২০২২ সালে সারোগেসির মাধ্যমে মা হন প্রিয়াঙ্কা। সামাজিক যোগাযোগমাধ্যমের আনাচেকানাচে তাদের সুখী গৃহকোণের ছবি স্পষ্ট। তবে স্বামীর সাবেক প্রেমিকাদের কথা যখন জেনেছিলেন তখন কি খারাপ লেগেছিল প্রিয়াঙ্কার?


প্রিয়াঙ্কা জানান, তার বিন্দুমাত্র কোনও প্রভাব পড়েনি। অভিনেত্রীর কথায়, 'এ সব বিষয়ে মাথা ঘামাই না, পাত্তাও দিই না। আমি আমার জীবনের বইয়েরে পাতা পিছন দিকে পড়ি না কখনও।"

## কঙ্গনা কেন খান-কাপুরদের বারবার প্রত্যাখান করেন?



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী কঙ্গনা রনৌত সম্প্রতি এক সাক্ষাৎকারে জানালেন, কীভাবে তিনি প্রথম সারির অভিনেতাদের সঙ্গে একের পর এক ছবি প্রত্যাখ্যান করেছেন। খুব সচেতন ভাবেই একের পর এক ছবির প্রস্তাব ফিরিয়ে দিয়েছেন বলে জানান কঙ্গনা।

কঙ্গনার দাবি, একজন অভিনেত্রী হিসাবে দৃষ্টান্ত তৈরি করতেই বলিউডের খান ও কাপুরদের ছবি তিনি ফিরিয়ে দিয়েছেন। খুব সচেতনভাবেই বলিউডের প্রথম সারির পাঁচ অভিনেতার সঙ্গে কাজ করেননি তিনি।



এই পাঁচ অভিনেতার মধ্যে রয়েছেন শাহরুখ খান, সালমান খান, আমির খান, অক্ষয় কুমার ও রণবীর কাপুর। এদের সঙ্গে ছবিতে অভিনয় করলে কয়েকটি গানে ও কিছু দৃশ্যে মুখ দেখানো ছাড়া আর কিছু করার থাকে না, এমনই মনে করেন তিনি। এই ধরনের চরিত্রে অভিনয় করায় আগ্রহ নেই তাঁর।

কঙ্গনা বলেন, 'খানেদের ছবিতে অভিনয়ের প্রস্তাব ফিরিয়ে দিয়েছি। কিন্তু ওরা প্রত্যেকেই আমার সঙ্গে খুব ভাল ব্যবহার করেন। কখনই কোনও খারাপ আচরণ করেননি। কিন্তু আমি ওদের ছবি প্রত্যাখ্যান করেছি। কারণ, ওদের ছবিতে নায়িকার হয়তো দু'টি দৃশ্য আর কয়েকটি গানের দৃশ্য থাকে। আমি বলে দিয়েছে, এই ধরনের ছবিতে কাজ করতে চাই না। বরং প্রথম সারির অভিনেত্রী হিসেবে আমি দৃষ্টান্ত তৈরি করতে চাই।'

কঙ্গনা সাক্ষাৎকারে আরও বলেন, 'আমার পরে যারা চলচ্চিত্র জগতে আসবেন, তাদের জন্য আমি কিছু করতে চাই। কোনো খান, কুমার বা কাপুর আপনাকে সফল বানাতে পারবেন না। আমি অক্ষয় কুমারের ছবির প্রস্তাব ফিরিয়ে দিয়েছি। আমি মানি না, এক জন নায়কই এক জন নায়িকাকে সফল হতে সাহায্য করেন। নিজেই সফল হওয়া যায়। আমি সেই দৃষ্টান্ত তৈরি করেছি।'

'কুইন', 'তনু ওয়েডস মনু', 'ফ্যাশন' এই সিনেমাগুলোতে অভিনয়ের জন্য প্রশংসা কুড়িয়েছিলেন কঙ্গনা।

## সিনেমাকে বিদায় জানাতে চাইছেন আমির!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সিনেমা থেকে নিজেকে সরিয়ে নিতে চাইছেন বলিউডের 'মিস্টার পারফেরকশনিস্ট' আমির খান! অভিনেতার এক মন্তব্যে সামাজিকমাধ্যমে শুরু হয়েছে চর্চা। হঠাৎ কেন এ রকম মন্তব্য করলেন তিনি? সম্প্রতি অভিনেত্রী রিয়া চক্রবর্তী তার পডকাস্ট শো ('চ্যাপ্টার ২') এর নতুন পর্বের প্রথম ঝলক প্রকাশ করেছেন। এই পর্বে তার অতিথি আমির। প্রোমোতে দেখা যাচ্ছে একাধিক বিষয় নিয়ে রিয়ার প্রশ্নের উত্তর দিচ্ছেন আমির। সেখানে যেমন তার ক্যারিয়ারের দ্বিতীয় ইনিংস রয়েছে, তেমনই শাহরুখ খান এবং সালমান খানের থেকে তাকে দেখতে ভাল কি না, সে প্রসঙ্গেও নিজের মতামত জানিয়েছেন আমির খান। একই সঙ্গে তিনি সিনেমা থেকে সরে দাঁড়ানোর কথাও বলেন। আমির বলেন, আমাকে এবার ছবি থেকে সরতে হবে। আমিরের মন্তব্য শুনে রিয়া বলেন, মিথ্যে কথা।

কিন্তু আমির তখনও তার মন্তব্য থেকে সরতে নারাজ। তার কথায়, 'আমি সত্যি বলছি।' আমিরের মন্তব্য ছড়িয়ে পড়তেই অনুরাগীদের মধ্যে কৌতূহল দানা বেঁধেছে। অনেকেই জানতে চেয়েছেন, অভিনেতা হঠাৎ কেন অভিনয় থেকে দূরে সরে যেতে চাইছেন।

২০২২ সালে মুক্তি পায় আমির অভিনীত ছবি 'লাল সিংহ চড্ডা'। ছবিটি বক্স অফিসে ব্যর্থ হয়। তারপর আমির জানিয়েছিলেন, তিনি অভিনয় থেকে দীর্ঘ বিরতি নিতে চান। তিমি বলেছিলেন, আমি বিরতি নিয়ে এখন পরিবারের সঙ্গে একটা সময় কাটাতে চাই। তখন অভিনেতার মন্তব্য ঘিরে শোরগোল ওঠে। কিন্তু আমির কেন সিনেমাকে বিদায় জানাতে চাইছেন, তার উত্তর লুকিয়ে আছে রিয়ার পডকাস্টে।

## অর্ধশতকে পা রাখলেন ধানুশ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দীর্ঘ অপেক্ষার পর মুক্তি পেল ধানুশের ৫০তম সিনেমা 'রায়ান'। তামিল সিনেমাটিতে অভিনয়ের পাশাপাশি চিত্রনাট্য লেখা ও পরিচালনার কাজটিও করেছেন তিনি। বিভিন্ন গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করেছেন এসজে সুরিয়া, প্রকাশ রাজ ও সন্দ্বীপ কিশান। ৫০তম সিনেমায় পা রেখে ধানুশ স্থাপন করলেন নতুন নজির। রায়ানের নাম যুক্ত হলো তার ক্যারিয়ারে সর্বোচ্চ আয়ের ওপেনিং ডে তকমা নিয়ে। প্রথম দিনেই সিনেমাটির আয় দাঁড়িয়েছে ১২ কোটি ৫০ লাখ রুপি। গত বছরের জানুয়ারিতে সিনেমাটি সম্পর্কে প্রথম ঘোষণা দেয়া হয়। সিনেমার শিরোনাম ছিল 'ডি-৫০', যা ধানুশের ৫০তম সিনেমা হিসেবে চিহ্নিত। ৫০তম সিনেমায় আসা পর্যন্ত ধানুশের সফলতা কম নয়। এর মধ্যে চারটি জাতীয় চলচ্চিত্র পুরস্কার তুলেছেন ঝুলিতে। দুটি সেরা অভিনেতা বিভাগে আর দুটি প্রযোজনার জন্য। পেয়েছেন আটটি ফিল্মফেয়ার অ্যাওয়ার্ড সাউথ ও একটি ফিল্মফেয়ার অ্যাওয়ার্ড। তাছাড়া ফোর্বস ইন্ডিয়ার সেরা ১০০ তারকার তালিকায় ছয়বার উঠেছে তার নাম। ধানুশের প্রথম সিনেমা ছিল ২০০২ সালের থুল্লুভাধো ইলামি। ক্রমে পোল্লাধাভান, ইয়ারাদি নি মোহিনীর মতো সিনেমার সফলতা রুপালি দুনিয়ায় তার আসন পোক্ত করে। তার হাত ধরে আসতে থাকে একের পর এক ব্যবসাসফল সিনেমা। ২০১৩ সালে 'রঞ্ঝনা' সিনেমায় অভিনয়ের মধ্য দিয়ে পা রাখেন বলিউডে, যা তাকে ফিল্ম ফেয়ার অ্যাওয়ার্ড এনে দেয়। পরিচালক হিসেবে তার হাতেখড়ি ২০১৭ সালের পা পান্দি সিনেমা দিয়ে। গড়ে তুলেছেন প্রযোজনা প্রতিষ্ঠান উন্ডারবার ফিল্মস। এখানেই সীমায়িত নয় তার কর্মযজ্ঞ। সংগীতেও তৈরি করেছেন স্বতন্ত্র পরিচয়। ২০১১ সালে তার হোয়াই দিস কোলাবেরি ডি গানটি প্রথম ভারতীয় সংগীত হিসেবে ১০ কোটি ভিউর মাইলফলক অতিক্রম করে ইউটিউবে। তার 'রাউডি বেবি' গানটি এখন পর্যন্ত সবচেয়ে বেশি দেখা ভারতীয় গানের একটি।

# চ্যাম্পিয়নের মতোই শুরু সিটির মায়োর্কায় হোঁচট খেলো রিয়াল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জয় দিয়েই ইংলিশ প্রিমিয়ার লিগের টানা পঞ্চম শিরোপা জয়ের মিশন শুরু করলো ম্যানচেস্টার সিটি। রোববার রাতে স্ট্যামফোর্ড ব্রিজে চেলসিকে ২-০ গোলে হারিয়েছে বর্তমান চ্যাম্পিয়নরা। নিজেদের মাঠে তেমন কোনো প্রতিরোধ গড়ে তুলতে পারেনি চেলসি। দুই অর্ধের দুই গোলে প্রতিপক্ষের মাঠ থেকে জয় নিয়েই ফিরেছে পেপ গার্দিওয়ালার দল। সেইসাথে চেলসির নতুন কোচ এনজো মারেস্কার প্রথম লিগ ম্যাচটা শুরু হলো হার দিয়ে। শুরু থেকেই সমানতালে লড়াই করলেও নিজেদের মাঠে ম্যাচ জিততে পারেনি চেলসি। খেলার ১৮ মিনিটে প্রথম গোল আদায় করে নেয় ম্যান সিটি। বার্নার্দো সিলভার পাস ধরে বক্সে ঢুকে দুই ডিফেন্ডার ওয়েসলি ফোফানা ও মার্ক কুকুরেইয়াকে কাটিয়ে বাঁ পায়ের শটে চেলসি গোলকিপার রবার্ট সানচেজকে পরাস্ত করেন ম্যান সিটির নওরেজিয়ান তারকা আরলিং হালান্ড। শুরুতেই গোল হজম করে খেই হারিয়ে ফেলে চেলসি। সুযোগটা কাজে লাগিয়ে গোল বাড়াতে আক্রমনের ধার বাড়ায় ম্যান সিটি। জেরেমি ডোকু ও বার্নার্দো সিলভাকে রুখে দেন চেলসি গোলকিপার। বিরতির ঠিক আগে কোল পালমারের দুর্বল প্রচেষ্টা ফিরিয়ে দেন সিটি গোলকিপার এডারসন। তার হাত ফসকে সামনে আসা বল জালে ঠেলে দেন নিকোলাস জ্যাকসন। কিন্তু ভিএআরে অফসাইডে প্রমাণিত হওয়ায় গোলটি বাতিল হয়। তারপর থেকে সিটি ম্যাচের বেশিরভাগ সময় খেলা নিজেদের নিয়ন্ত্রণে রাখে। হাল্যান্ডের আরো একটি শট ঠেকিয়ে দেন সানচেজ। তবে ম্যান সিটি ঠিকই দ্বিতীয় গোল আদায় করে নেয়। ৮৪ মিনিটে মাঝ মাঠ থেকে বল পেয়ে ২০ গজ দূর থেকে জোড়ালো শটে গোল করেন মাতেও কোভাচিচ। বাকি সময় টুকুতে আর চেলসিকে ম্যাচে ফেরার সুযোগ দেননি ম্যানচেস্টার সিটি। গত মৌসুমে দুইবারের মুখোমুখিতে জয় পায়নি কোনো দল। এদিকে, রিয়াল মাদ্রিদকে উয়েফা সুপার কাপের শিরোপা জেতানোর পর লা লিগার অভিষেকটা স্মরণীয় করে রাখতে পারেনি ফরাসি তারকা কিলিয়ান এমবাপ্পে। রোববার রাতে লা লিগায় নিজেদের প্রথম ম্যাচে রিয়ালকে রুখে দিয়েছে মায়োর্কা। নিজেদের মাঠে রিয়াল মাদ্রিদদের সাথে ১-১ গোলে ড্র করেছে তারা। এমবাপ্পে, জুড বেলিংহ্যাম, ভিনিসিয়াস জুনিয়রদের নিয়ে গড়া তারকায় ঠাসা রিয়ালের শুরুটা ভালোই ছিল। গোলও পেয়ে যায় মাত্র ১৩ মিনিটে। স্বদেশী ভিনির ব্যাক হিল থেকে জাল কাঁপান আরেক ব্রাজিলিয়ান ফরোয়ার্ড রদ্রিগো। পিছিয়ে পড়েও হাল ছাড়েনি মায়োর্কা। গোল শোধে রিয়ালের সীমানায় বেশ কয়েকবার হানা দেয় তারা। বল দখলে আধিপত্য থাকলেও রিয়ালকে চাপে রাখে মায়োর্কার ফরোয়ার্ডরা। প্রথমার্ধে মায়োর্কাকে আটকে রেখে বিরতিতে যায় কার্লো আনচেলত্তির দল। বিরতি থেকে ফিরেই ঘুরে দাড়ায় মায়োর্কা। ৫৩ মিনিটে সমতায় ফেরে দলটি। কর্নার থেকে দারুন এক হেডে দলকে খেলায় ফেরান ভেদাত মুরিকি। সমতায় ফিরে আরো চাঙ্গা হয়ে ওঠে মায়োর্কা। ঘরের মাঠে সমর্থকদের সুবিধা নিয়ে এগিয়ে যাওয়ার সুযোগ তৈরী করেছিলো তারা। কিন্তু রিয়ালের রক্ষণভাগের প্রাচীর ভেদ করতে পারেনি মায়োর্কার ফরোয়ার্ডরা। শেষ দিকে কড়া ট্যাকলের কারনে লালকার্ড পান রিয়ালের ফেরলান্ড মেন্ডি। যদিও তাতে কোনো বিপদ ঘটেনি তাদের। শেষ পর্যন্ত ১-১ গোলের ড্র নিয়েই সন্তুষ্ট থেকেছে রিয়াল মাদ্রিদ।

# মেসিকে ছাড়াই

## বিশ্বকাপ বাছাইয়ে খেলবে আর্জেন্টিনা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোপা আমেরিকার ফাইনালে অ্যাঙ্কেলের চোট নিয়ে মাঠ ছেড়েছিলেন লিওনেল মেসি। এরপর আর মাঠে ফিরতে পারেননি। তার ফেরার পথটা যেন ক্রমশই দীর্ঘ হচ্ছে। এখনও জানা যায়নি ঠিক কবে ফিরতে পারবেন এই আর্জেন্টাইন গ্রেট। যে কারণে আগামী মাসে বিশ্বকাপ বাছাইয়ে চিলি ও কলম্বিয়ার বিপক্ষে দু'টি ম্যাচের স্কোয়াডে জায়গা হয়নি মেসির। ২৮ সদস্যের দল ঘোষণা করেছেন লিওনেল স্কালোনি। ৬ সেপ্টেম্বর ঘরের মাঠে চিলি এবং পাঁচ দিন পর কলম্বিয়ার মাঠে ম্যাচ দুটি খেলবে আর্জেন্টিনা। লাতিন অঞ্চলের বাছাইয়ে ছয় ম্যাচে পাঁচটিতে জিতে পয়েন্ট তালিকার শীর্ষে আছে বিশ্বচ্যাম্পিয়নরা।

মেসি ছাড়াও স্কোয়াডে জায়গা পাননি মার্কোস আকুইনা ও ফ্রাংকো আরমানি। প্রথমবারের মতো দলে ডাক পেয়েছেন আতলেতিকো মাদ্রিদের কোচ দিয়েগো সিমিওনের ছেলে গিলিয়ানো সিমিওনে। তবে এবারও সুযোগ মেলেনি পাওলো দিবালার।

# আন্তর্জাতিক ফুটবলকে

## সোমারের বিদায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সুইজারল্যান্ডের গোলরক্ষক ইয়ান সোমার আন্তর্জাতিক ফুটবল থেকে অবসরের ঘোষণা দিয়েছেন। জাতীয় দলের হয়ে ১২ বছরের ক্যারিয়ারে তিনি ৯৪টি আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন।

৩৫ বছর বয়সী সোমার সদ্য সমাপ্ত ইউরো ২০২৪ এ সুইজারল্যান্ডের হয়ে পাঁচটি ম্যাচেই খেলেছেন।

ইংল্যান্ডের বিপক্ষে কোয়ার্টার ফাইনাল ম্যাচটি ছিল সোমারের সর্বশেষ আন্তর্জাতিক ম্যাচ। পেনাল্টিতে পরাজিত হয়ে শেষ আট থেকে বিদায় নিয়েছিল সুইজারল্যান্ড।

সুইস ফুটবল এসোসিয়েশন প্রকাশিত এক বিবৃতিতে ইন্টার মিলানের সোমার বলেছেন, 'জাতীয় দলের হয়ে আমি যে সময় কাটিয়েছি তা সত্যিই বিশেষ কিছু। বেশ কিছু স্মরণীয় মুহূর্তের জন্য আমি নিজেকে গর্বিত মনে করি। সবাই মিলে যেভাবে জয়ের মুহূর্ত উপভোগ করেছি, চ্যালেঞ্জ মোকাবেলা করেছি তা কখনো ফিরে আসবে না।'

প্রায় এক দশক আগে দিয়েগো বেনাগ্লিওর স্থানে এক নম্বর গোলরক্ষক হিসেবে জাতীয় দলের দায়িত্ব নেবার পর সোমারকে আর পিছনে ফিরে তাকাতে হয়নি। শেষ ছয়টি বড় টুর্নামেন্টের নক আউটে পর্বে খেলেছে সুইজারল্যান্ড। ইউরো ২০২০-এর শেষ ১৬-তে ফ্রান্সের কিলিয়ান এমবাপের পেনাল্টি সেভ করে ১৯৫৪ সালের পর সুইজারল্যান্ডকে প্রথম কোন বড় টুর্নামেন্টের কোয়ার্টার ফাইনাল উপহার দিয়েছিলেন সোমার।

# চেলসির জয়ের রাতে

## পয়েন্ট হারাল রিয়াল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ইংলিশ প্রিমিয়ার লিগের (ইপিএল) প্রথম ম্যাচেই বড় পরীক্ষার মুখে পড়ে ম্যানচেস্টার সিটি। শুরুর ম্যাচে তাদের প্রতিপক্ষ ছিল চেলসি। তবে সেই বাধা দারুণভাবেই কাটিয়েছে সিটি। চেলসিকে উড়িয়ে দিয়ে প্রিমিয়ার লিগে দুর্দান্ত শুরু করেছে পেপ গার্দিওলার দল। রবিবার রাতে স্ট্যামফোর্ড ব্রিজে চেলসির বিপক্ষে ২-০ গোলে জিতেছে ম্যানচেস্টার সিটি। ম্যাচটিতে সিটির জয়ের নায়ক আর্লিং হালান্ড ও মাতেও কোভাচিচ।

লা লিগায় মৌসুমের প্রথম ম্যাচে সবার চোখ ছিল কিলিয়ান এমবাপ্পের ওপর। এর আগে উয়েফা সুপার কাপের শিরোপা জিতে রিয়ালের হয়ে নিজের যাত্রা শুরু করলেও লা লিগায় অভিষেকটা নিশ্চিতভাবেই বিশেষ কিছু। কিন্তু সেই অভিষেকে গতকাল ভালো খেলেও হাসিমুখে মাঠ ছাড়তে পারেননি এমবাপ্পে।

মায়োর্কার মাঠে রিয়াল ম্যাচ ড্র করেছে ১-১ গোলে। ম্যাচে একাধিকবার গোলের কাছাকাছি গিয়েও কখনো ফিনিশিং ব্যর্থতায়, আবার কখনো প্রতিপক্ষের গোলরক্ষকের দৃঢ়তায় গোল পাওয়া হয়নি এমবাপ্পের। শেষ পর্যন্ত ম্যাচটাও রিয়াল আর জিততে পারেনি।

এমবাপ্পে, জুড বেলিংহাম, ভিনিসিয়ুস জুনিয়রদের নিয়ে গড়া তারকায় ঠাসা দলটির শুরুটা ভালোই ছিল। গোলও পেয়ে যায় মাত্র ১৩ মিনিটে। স্বদেশী ভিনির ব্যাক হিল থেকে জাল কাঁপান আরেক ব্রাজিলিয়ান ফরোয়ার্ড রদ্রিগো। বিপরীতে প্রতি আক্রমণ থেকে ভালো জবাব দিতে থাকে মায়োর্কা। একেবারে ছেড়ে কথা বলেনি। তাতে নখদন্তহীন দশায় কঠিন পরিস্থিতির মুখে পড়ে লস ব্লাঙ্কোস। বল দখলে আধিপত্য থাকলেও সম্মুখে তাদের বেগে পেতে হচ্ছিল।

মায়োর্কার রক্ষণে এমবাপ্পে, বেলিংহামকে খুঁজেই পাওয়া যায়নি। একমাত্র কার্যকর অস্ত্র ছিলেন শুধু ভিনিসিয়ুস। যদিও সময় যত গড়িয়েছে সনময়েক্স স্টেডিয়ামে স্বাগতিক দর্শকদের বিরুদ্ধ আচরণ ভিনির মেজাজ হারাতে ভূমিকা রেখেছে! এই স্টেডিয়ামেই ২০২৩ সালে বর্ণবাদী আক্রমণের মুখে পড়েছিলেন তিনি।

গতকালও প্রতিপক্ষের সঙ্গে উত্তাপ ছড়ানো মুহূর্তের জন্ম নিয়েছিল। রেফারি ভিনিকে বেশ কয়েকবার তিরস্কৃতও করেছেন। রিয়াল মাদ্রিদের গোলকিপার থিবা কুর্তোয়া তিনটি দারুণ সেভ করেছেন শুধু রিয়ালের অগ্রগামিতা ধরে রাখতে। কিন্তু ৫৩ মিনিটে কর্নার থেকে মুরিকির শক্তিশালী হেডের পর আর সমতা ধরে রাখা যায়নি। স্কোর ১-১ করে মায়োর্কা। শেষ দিকের যোগ হওয়া সময়ে আরো বিপদে পদে পড়ে রিয়াল। কড়া ট্যাকেল করে ফেরলান্ড মেন্ডি লাল কার্ড দেখলে দশজনের দলে পরিণত হয় তারা।

মৌসুমের প্রথম ম্যাচটাই হলো হাইভোল্টেজ। প্রিমিয়ার লিগের বর্তমান চ্যাম্পিয়ন ম্যানচেস্টার সিটি মুখোমুখি হলো চেলসির। নতুন কোচ এনজো মারেসকার অধীনে এবারের প্রিমিয়ার লিগ শুরু করল তারা। কিন্তু প্রথম ম্যাচেই ব্লুজদের মুখোমুখি হতে হলো ম্যানসিটির।

হাইভোল্টেজ ম্যাচে জয় দিয়েই শুরু করেছে ম্যানসিটি। চেলসিকে তারা হারিয়েছে ২-০ গোলের ব্যবধানে। উদ্বোধনী ম্যাচেই গোল পেলেন সিটির গোলমেশিনখ্যাত আরলিং হালান্ড। তার গোলেই শুভ সূচনা পেপ গার্দিওলার দলের। অন্য গোলটি করেন মাতেও কোভাচিস।

চেলসির ঘরের মাঠ স্টামফোর্ড ব্রিজেই অনুষ্ঠিত হয় ম্যাচটি। প্রায় ৪০ হাজার দর্শক পরাজয়ের হতাশা নিয়েই মাঠ ছাড়ল। এ নিয়ে সিটির জার্সিতে শততম ম্যাচ খেললেন আর্লিং হালান্ড। এই ১০০ ম্যাচে তিনি গোল করেছেন ৯১টি।

ম্যাচের ১৮তম মিনিটেই সিটিকে মৌসুম শুরুর গোল উপহার দেন হালান্ড। বার্নার্ডো সিলভার কাছ থেকে বল পেয়ে চেলসির মার্ক চুচুরেলা এবং ওয়েসলি ফোফানাকে কাটিয়ে দারুণ শটে পরাস্ত করেন ব্লুজদের গোলরক্ষক রবার্ট সানচেজকে।

স্কাই স্পোর্টসকে ম্যাচের পর হালান্ড বলেন, দতিন পয়েন্ট, পারফেক্ট স্টার্ট হলো আমাদের। আমি জানি সত্যি কী করতে হবে। আমি মনে করি, এটা সত্যিই দারুণ এক গোল ছিল। মনে পড়ে, গত বছর সে (রবার্ট সানচেজ) দারুণ একটি গোল সেভ করেছিল আমার বিপক্ষে, যা আমাকে দারুণ যন্ত্রণা দিয়েছিল। সত্যিই এবার দারুণ একটি গোল করলাম।'

# এটা ম্যারাথন, স্প্রিন্ট নয়: বেলিংহ্যাম



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এমনিতেই দারুণ শক্তিশালী রিয়াল মাদ্রিদ, তার উপর চলতি মৌসুমে দলে যোগ দিয়েছেন সময়ের অন্যতম সেরা তারকা কিলিয়ান এমবাপে। কিন্তু তারকাবহুল দলটি লা লিগার অভিষেক ম্যাচে অপেক্ষাকৃত দুর্বল মায়োর্কার সঙ্গে ড্র করেছে। তাতে চলছে রিয়ালের ব্যাপক সমালোচনা। তবে সমর্থকদের শান্ত থাকার আহ্বানই জানালেন দলের তারকা ফুটবলার জুড বেলিংহ্যাম।

মায়োর্কার মাঠে রোববার রাতে লা লিগায় নিজেদের অভিষেক ম্যাচে স্বাগতিকদের সঙ্গে ১-১ গোলে ড্র করে রিয়াল মাদ্রিদ। তবে ম্যাচের ১৩তম মিনিটেই ভিনিসিয়ুস জুনিয়রের পাস থেকে গোল করে দলকে এগিয়ে দিয়েছিলেন রদ্রিগো। তবে দ্বিতীয়ার্ধের অষ্টম মিনিটে ভেদাত মুরিকি সমতা টানেন মায়োর্কার হয়ে। এরপর আর গোল না হলে ড্র মেনেই সন্তুষ্ট থাকতে হয় রিয়ালকে।

তবে তারকায় ঠাঁসা দলের এমন ফলাফলে সন্তুষ্ট নন লস ব্লাঙ্কোস সমর্থকরা। সমালোচনাও থেমে নেই। যদিও গত মৌসুমে এই মায়োর্কার মাঠ থেকে হেরে ফিরেছিল রিয়াল। শেষ পর্যন্ত লিগে চ্যাম্পিয়নও হয়েছিল দলটি। তবে সেটা ছিল মৌসুমে মাঝ পথে। এবার মৌসুমের শুরুতেই হার মানতে পারছেন না সমর্থকরা।

তবে তীব্র সমালোচনার মুখে নিজের একটি ছবি সামাজিক মাধ্যম ইনস্টাগ্রামে আপলোড করে বেলিংহ্যাম সেখানে ক্যাপশন নিয়েছেন, 'এটা ম্যারাথন, স্প্রিন্ট নয়।' অর্থাৎ সংক্ষিপ্ত ভাষায় এখন কিছুই শেষ হয়ে যায়নি তা বুঝিয়ে দেওয়ার চেষ্টা এই ইংলিশ ডিফেন্ডার। ৩৮ রাউন্ডের কেবল মাত্র প্রথম রাউন্ডের খেলা শেষ হয়েছে।

আগামী সপ্তাহে রিয়াল ভায়াদলিদের বিপক্ষে মাঠে নামবে রিয়াল মাদ্রিদ। শনিবার ঘরের মাঠে তাদের বিপক্ষে খেলবে বেলিংহ্যামরা। আগের মৌসুমে অবনমন হওয়ার পর চলতি মৌসুমে ফের লা লিগায় ফিরেছে ভায়াদলিদ।

# বাংলাদেশের বিপক্ষে সিরিজ থেকে

## ছিটকে গেলেন পাকিস্তানি পেসার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পিঠের ইনজুরির কারণে বাংলাদেশের বিপক্ষে আসন্ন দুই ম্যাচের টেস্ট সিরিজ থেকে ছিটকে গেলেন পাকিস্তানি পেসার আমের জামাল। ফিটনেস প্রমাণ সাপেক্ষে বাংলাদেশের বিপক্ষে সিরিজের জন্য ঘোষিত ১৭ জনের স্কোয়াডে নেওয়া হয়েছিল জামালকে। কিন্তু ফিট হতে না পারার কারণে দল থেকে বাদ দেওয়া হয়েছে তাকে। এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়েছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। জামালের বদলি হিসেবে কোনো ক্রিকেটারের নাম ঘোষণা করেনি পিসিবি। লাহোরের ন্যাশনাল ক্রিকেট একাডেমিতে ফিটনেস নিয়ে কাজ করবেন জামাল। গত জুনে ইংল্যান্ডে কাউন্টি ক্রিকেটে ওয়ারউইকশায়ারের হয়ে খেলার সময় পিঠের ইনজুরিতে পড়েন জামাল। বাংলাদেশের বিপক্ষে টেস্ট সিরিজের দলে রাখা হলেও প্রথম ম্যাচে অনিশ্চিত ছিলেন তিনি। কিন্তু পিঠের ইনজুরি থেকে পুরোপুরি সুস্থ না হওয়ায় পুরো সিরিজ থেকেই ছিটকে গেলেন জামাল। ২০২৩ সালের ডিসেম্বরে অস্ট্রেলিয়ার বিপক্ষে টেস্ট সিরিজে অভিষেক হয় জামালের। তিন ম্যাচের ওই সিরিজে দ্বিতীয় সর্বোচ্চ ১৮ উইকেট নিয়েছিলেন তিনি। ওই সিরিজের পর আর কোনো আন্তর্জাতিক ম্যাচ খেলেননি জামাল। জামাল ছিটকে যাওয়ায় ১৪ সদস্যের দল নিয়ে প্রথম টেস্ট খেলতে নামবে পাকিস্তান। কারণ বাংলাদেশ 'এ' দলের বিপক্ষে পাকিস্তান শাহিনসের হয়ে খেলার জন্য আবরার আহমেদ ও কামরান গুলামকে ছেড়ে দিয়েছিল পাকিস্তান। দলে শাহিন শাহ আফ্রিদি, নাসিম শাহ, মির হামজা, খুররাম শাহজাদ ও মোহাম্মদ আলির মত পেসাররা আছেন। রাওয়ালপিন্ডির সবুজ উইকেটে পেসার নির্ভর একাদশ সাজানোর পরিকল্পনা পাকিস্তানের। স্পিন অলরাউন্ডার হিসেবে দলে আছে আঘা সালমান।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR